শিক্ষা থেকে আমরা চাই রাজনৈতিক দলকে দ্রে রাখা হোক। শিক্ষার মধ্যে রীতিমত রাজনীতি প্রবেশ করেছে। আমার করেজজন বন্ধ্ব বললেন, উন্ধৃতি করে দেখালেন কিভাবে শিক্ষা মধ্যে রাজনীতি চ্বেক্ছে। একজন তো বললেন পাঠ্য প্রত্বের মধ্যে রাশিয়ান রাজনীতি চ্বে পড়েছে। যাতে লিবারেল এড়কেশন হয়. মনটা উন্নত হয়. স্বাধীনভাবে চিন্তা করবার শাঁ জাগ্রত হয়, ছেলেদের বোধশীক্ত জাগ্রত হয় সেই শিক্ষার প্রয়োজন। টেকনিকেল কিছু পড়ক কার্যকরী পড়্ক কিন্তু মোটাম্টি ছেলের জ্ঞান বাড়বে, মেধা বাড়বে, জিজ্ঞাসা বাড়বে, জিজ্ঞাস করার প্রবৃত্তি হবে সেইভাবে শিক্ষা দিতে হবে। স্বত্রাং আমি সব সময় লিবারেল এড়কেশনে পক্ষপাতী। তারপর শিক্ষকরা টিউশনি করছে একথা উঠেছে। বাস্তবিকই শিক্ষকরা টিউশনি করে, আমি বলবো টিচার্স আর ফোর্স ড ট্ব একসেন্ট দিস থিং। শিক্ষককে বলা হয়, সাচ আমার ছেলেকে পড়ান, আমার ছেলেকে পড়ান। শিক্ষক বলেন আমি পারব না, কিন্তু তাং বিদ্বার করা হয় তাহলে তিনি কি করবেন? এমনি করে ব।৮।৯টি ছেলেকে পড়াতে হর্ব এভাবে কোন কোন শিক্ষক পড়ান। কিন্তু এভারেজে আমি দেখেছি শিক্ষকরা ফোর্সতি হাতীটিউশনি করতে। তাহলেই দেখুন দেশের মান্বের শিক্ষায় কি আগ্রহ বেড়েছে? চাষীর ছেন্ত্র গরীবের ছেলেও মাস্টার নিরে পড়াছে, কি করবে, মাস মাস দ্ব-টাকা করে দেয়—সকালে ১৫।২০ট

্রুল নিয়ে একজন মাস্টার পড়াচ্ছে। এভাবে চারিদিকে শিক্ষার আগ্রহ হয়েছে, শিক্ষার আগ্রহ ্রুড়ছে। তাই শিক্ষাকে তাড়াতাড়ি স্ব্পরিচালিত করবার জন্য বোর্ড গঠন করার ব্যবস্থা বতে হবে।

আর একটা কথা—আমাদের স্কুলে আসন নাই। বাস্তবিকই স্কুল আমাদের আরও তৈরী র দিতে হবে। সব চেয়ে বড় অসুবিধা হয় যারা টাউনে থাকে, এসে বলে স্যার ভর্তি করে ন, আমি কাউকে চিঠি লিখি, চেণ্টা করি, এখন তার সমাধান কি? আমি এটা আবার বলছি । এটা লিখেটেছ বহু তর্ণ যুবক নিজেরাই স্কুল তৈরী করেছিল, নন-গভর্নমেন্ট ন্এফিলিয়েটেড স্কুল আমাদের বহু করতে হবে। তখন যেমন আমাদের তর্ণ যুবকরা শ্রম গতো, তখনতো ছেলে পাওয়া যেতনা, আমরা আশ্চর্য হয়ে যেতুম যে এত শ্রম করছে অথচ ল নাই, ও।৬টি ছেলে নিয়ে এক-একটি ক্লাস খোলা হত, তখন লোকে বলতো ননকোপারেশন কুলে ছেলে পড়াবনা। এখন সেরকম আশ্রম কর্ন, তর্ন যুবক ছেলেরা কি রাজনীতি করেছে? ধরংস হোক, ধরংস হোক, ধরংস কর, ধরংস কর, এ না করে সাত্যকার রাজনীতি কর্ন। এব্যুবকদের শ্বারা ভাল ভাল আশ্রম তৈরী করতে হবে এরকম করতে পারলে বেটার এডুকেশন বে। আমি মনে করি সেরকম আশ্রম তৈরী করতে হিল্ড সমস্যার সমাধান অনেকটা হবে। বিসময় গভর্নমেন্ট অনুমোদিত শিক্ষাই নেব এর বাইরে শিক্ষা নেবনা, এই টেন্ডিন্সী দ্রে করতে বে। তা নাহলে শিক্ষা উন্নত হবে না।

মাম এটনুকু বলব যে বর্তমানে আমাদের রাশিয়ার প্রোপাগাণডা ভাল লাগে না। এমন একটা মসাা এসেছে যখন রাশিয়ার আমরা প্রশংসা করতে পারি না, সেখানে কি হচ্ছে না হচ্ছে এইসব খা আমরা মোটেই শ্বনতে প্রস্তুত নই। ইংলণ্ডে যেমনভাবে ভোট চলেছে সেইভাবে শিক্ষার কতার হয়েছে। আমাদের দেশে গণভোট এত বেশী চলেছে যে শিক্ষা দ্রত্তম এগিয়ে চলেছে। ই শিক্ষা ব্যাপক হোক, মাধ্যমিক শিক্ষা সার্থক হোক। সর্বশেষে আমার বন্তব্য হচ্ছে—বন্ধ্বণকে আহ্বান করে বলছি, যদিও এটা পার্লামেন্টারী নীতি নয়, তব্বও বন্ধ্বগণের কাছে আহ্বান বে বলছি যে,

Ill passion lost. Let there be calm and quiet when the day star of education will arise all will be harmonized within and without (Jai Hind).

Mr. Chairman: The House stands adjourned for half an hour.

After Adjournment Obituary

Mr. Chairman: Honourable members, it is my melancholy duty to refer the sad demise of Khan Bahadur Mohammad Ali of Bogra in East Pakistan ho passed away at the age of 53. He was formerly a member of the Bengal existative Assembly and the Finance and the Health Minister of undivided engal. After Partition he went over to Pakistan where he rose to the position of Prime Minister of Pakistan. He was an Ambassador of Pakistan the U.S.A. and was the Foreign Minister of Pakistan at the time of his eath. He came into politics at a very young age and showed merit and bility which took him to the elevated position of premiership of an idependent State.

He was all along amiable and friendly to each and every one who came contact with him in both political and social spheres.

I express on your behalf and on mine our sincere condolence at his

I would request the honourable members to stand in their seats for a lute to show our respect to the memory of the deceased.

mbers rose in their seats and remained standing in silence for one minute.). Thank you honourable members.

GOVERNMENT BILL

LEGISLATION

The West Bengal Board of Secondary Education Bill, 1963

Shri Satya Priya Roy: Sir, the Education Minister is absent hom. Though there are about four Ministers under this Department, the question is that the Member-in-charge of the Bill i.e., the Hon'ble the Education Minister himself should be present at the time of discussion of the Bill.

Mr. Chairman: He should have been here. There are other Ministers The question will come up again as regards the joint responsibility. According to the Rules, a member-in-charge of the Bill means in the case of a Government Bill any Minister and in other cases the member where introduced the Bill.

[3-40-3-50 p.m.]

Shri Amar Prasad Chakrabarty: Sir, I beg to move that the Wes Bengal Board of Secondary Education Bill, 1963, be referred to a committee of the whole Council with instructions to submit their report by the 20th February, 1963.

Mr. Chairman, Sir, the Bill as placed before the House has formed the object of serious criticisms because it deserves so. Sir, in short I formulate the points of my attack on this Bill in this way. Sir, the Bill has been designed to officialise the Secondary Education and to place it under the complete control of the Government. Secondly, instead of simplifying the administration of Secondary Education it makes the administrative machinery complex and cumbrous. Sir, the Bill is not a comprehensive one, and the object and ideal of Secondary Education are not there. The Bill has been formulated in such a way that it has made only a managerial body for collection and for ruthless control without giving any specific project of education. The Bill, in all essential purposes and in all essential matters, is contrary to the recommendations of the Committees and Commit sions, and the Bill-I must say-makes the education subservient to the political considerations. From the very drafting of the Bill, if you look to the clause regarding formation of the Board, you will be pleased to find that the Board has been made a Corporate Body, and prima facie it show that the Board is an autonomous one with power to control and power lay down educational policy matters, but the latter clauses exclusively make the Bill under the complete control of the Government. Sir, our friend on this side entered into the merits of the Secondary Education and the discussed the Bill and referred to the educational system of England Soviet Russia and other countries and everywhere the substance of the countries and everywhere the substance of the tention is that this system should be free from control of the State. here—we should not be misunderstood, we want that there should be Secondary Education Board and guardians also feel that their boys should be given proper education in proper perspective and it is not for opposition sake only that we criticise the Bill—the Bill has disheartened us because in it there is no ideal no project laid down in the Objects and Reasons only purpose and only object is to control this Board by any means, hook or crook. Sir this Bill has been criticised even from before. It been admitted by all the seers and more or less by the educationists of the control of the co whole country that education should be free from control of the State, is not our problem, Sir. In England also in the 19th century on the subjection of th of 'State and its control on education' there was serious debate. In the country also when the Secondary Education Bill came to this House in the

rear 1950 the honourable members sitting on the other side criticised it ruthlessly only with the object and sole contention that education must be free from the State control. Sir, we have only requested the Hon'ble slinister to circulate the Bill for eliciting better opinion, for efficient drafting and for placing the ideals and projects of education from the educationists. Sir, you yourself are an educationist, Dr. Srikumar Banerji, Prof. Nirmal Bhattacharyya, Prof. Tripurari Chakrabarty and several other ducationists also of our country are there. So what objection is there if his Bill would have been circulated and consent and opinion of the educationists taken in this matter, and then if the ideal and purpose of the Bill would have been laid in this House it would have been very fair to us, and the least the Opposition feels that the Bill should comprise the specific ideal or the growth and development of the Secondary Education.

But this Bill is useless for this purpose because firstly the Bill, as it is, rima facie shows at a glance that it is not being made as a corporate body. But even if it is made a corporate body, it has no independent function, no utonomous function. The Bill is, subservient to the control of the State ecause the later section specifically lays down that the Bill is subject to the ontrol of the State Government for any rules that are to be formulated by he Board so that it can neither advise the State Government nor formulate he educational policy of this State. So, this Bill has been made for uch purpose which will neither serve the purpose of education nor it vill give real education to the country in the proper perspective. The full has been placed in this House in a way which will, we are afraid, mly enable a crippled Board to be borne and a crippled Board will serve o purpose for the education of the country. Mr. Chairman, Sir, you are n authority in this line and there are educationists in this line. I will nly quote some salient features because several commissions on secondary ducation are there. There are Educational Despatch, Hartog Committee, alder Commission, Mudaliar Commission and Dey Committee. All these ommissions and Committees in considering secondary education suggested he same thing and insisted on the improvement of secondary education rom the very beginning. Even the Sadler Commission has suggested that tate control is uneconomic. The Sadler Commission specifically said that ducational institution requires freedom and spontaniety. But this has not sen accepted. So also neither the recommendations of the Dey Commttee or those of the Mudaliar Commission have been accepted, though prima wie the Education Minister goes to show that they have combined both the commendations of the Dey Committee and the Mudaliar Commission. ut, none of the recommendations of the Dey Committee or the Mudaliar ommission have been accepted in the Bill as it stands, so that it can work ficiency. Sir, there have been allegations and counter-allegations that by Committee and Mudaliar Commission have been quoted and misquoted reach other's advantage. That may be. Let me quote from some sections the Bill which will prove my contention. Clause 3, sub-clause (2) says at the Board shall be a body corporate. It is a Board to sue and to be led. The prima facie thing of this body is that generally it has some autoomous power to formulate the policies and to implement those policies and ders for the propagation of education and for the real educational benefit our children. But you will be pleased to find in the sub-sections to have 4 that it has only set up a Board with some of the recommendations the Dey Committee and the Mudaliar Commission and that has made it impletely cumbrous, completely complex and the real tooth of the dragon mes out when you go to the other sections of the Bill. Let me quote anso 24, sub-clauses (1) and (2): "The Board may, with the approval of e State Government, constitute such other Committee or Committees as may think fit and any such Committee may be composed wholly or in

part of members of the Board. The Board may, with the approval the State Government, delegate to any such Committee any of its power functions and may in like manner withdraw from it any such power function?'. Clause 25 reads thus: (1) The Board may, with the approva of the State Government, constitute Regional Examination Council Again, clause 27 says: (1) It shall be the duty of the Board to advise the State Government on all matters relating to Secondary Education referre to it by the State Government. The House heard the contention of som of the honourable members on the other side that they have given effect to the recommendations of the Dey Committee and the Mudaliar Commission Prima facie, they may have given effect to some of the recommendations of the two commissions, but it will not stand a moment's scrutiny if we go to scrutinise the Board. Prima facie, they have given a reality by making the Board a body corporate. Why are we passing the Bill? We are passing the Bill for efficient functioning of the Board. But subject to the control of the State, the Board will do everything. That means that without the control of the State nothing can be done. In other words, the Bill has been designed to officialise secondary education and to place it in complete control of the Government. This is perfectly true.

[3-50-4 p.m.]

Secondly, Sir, what I am afraid of is that the Bill has been framed with a view to make education subservient to political considerations. I say let Government take full control of Secondary Education in the State, or let them allow the Board to function independently by laying down rule and principles.

Before I conclude I would say, still there is time. Let the House circulate the Bill and take the opinion, rather suggestions, from education ists of our country, from experienced teachers of our country, which have been amply shown before this House by the honourable members on this side, and I join my voice with them. Don't give birth to a cripple baby any more. It will not grow; it will die a natural death.

Shrimati Anila Debi:

মাননীয় সভাপতি মহাশয়, যে বোর্ড বিল এখানে উপস্থিত করেছেন কন্সিডারেশনের জনা নদ দিক থেকে নানা বক্তা এ সম্বন্ধে আলোচনা করেছেন। আমাদের ১৯৫০ সালে যে সেকেডার এড়ুকেশন এট্র ছিল, এ বিল আইনে পরিণত হওয়ার সঙ্গে সঙ্গে সে এট্র বাতিল হয়ে যাছে এখন আমার মনে এই প্রশ্ন জাগছে একথা আমরা কেমন করে মনে করিছ যে পশ্চিমবালা মধ্যশিক্ষার বিপর্যয় রোধকলেপ এবং মধ্যশিক্ষার উল্লয়নকলেপ এই বিল উত্থাপন করছেন. ক্রে এই বিলের প্রি-এম্বলের কোথাও সেকেডারী এড়ুকেশনের উন্দেশ্যে বর্ণিত হয় নি। গ্রুপ্টে করার জন্য বিল হছে। তাই যদি শ্ব্রু হত একথা বলতে পারতেন মন্দ্রী মহাশয় আমাল সেকেডারী এড়ুকেশনের উন্দেশ্যে বর্ণিক রার জন্য বিল হছে। তাই যদি শ্ব্রু হত একথা বলতে পারতেন মন্দ্রী মহাশয় আমাল সেকেডারী এড়ুকেশনের উন্দেশ্য বর্ণনা করে ১৯৫০ সালের যে মাধ্যমিক শিক্ষা আইন গাহুরেছিল, এই বোর্ড আইনের বলে সেটা বাতিল হবে না; তাহলে অবশ্য আমি একথা মানা পারতাম যে সেকেন্ডারী এড়ুকেশন বোর্ড বিলের উন্দেশ্য মান্ত বোর্ড গঠন। তাহলে এড়ুকেশনে উন্দেশ্য বর্ণনা না থাকলেও শ্বুর্ব বোর্ড গঠনের একটা বিল হচ্ছে বলে মনে করে ব্রেডের পার্লিড ফাংশন কি হবে তাই নিয়ে আলোচনা না করলেই সুন্ধে হত।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

রয়েছে তো।

Shrimati Anila Debi:

তাহলে কি আপনি বলতে চাচ্ছেন সেকেন্ডারী এডুকেশন আ্যান্ট বাতিল হবে না?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

্ব্যাতিক তো হয়েছেই, সে অভিজ্ঞতা কি মেম্বার হয়েও এতদিনে হয় নি? Shrimati Anila Debi:

সম্ভন্তই তো বলছি, আমি খুব অবাক হচ্ছি যে আপনি কথা না শুনেই কথা বলছেন। আপনি ত্ত বিল এনেছেন তার সবচেয়ে বড় হুটি হচ্ছে—মাধ্যমিক শিক্ষার কোন উন্দেশ্য কোন লক্ষ্য arfনা করেন নি, এটা প্রয়োজন সেজ্না বলছি। পশ্চিম বাংলায় একটা শিক্ষা বিল গ্রহণ করতে গ্রাক্তন মন্ত্রী মহাশ্রের যত ক্ষমতাই থাকুক, পরিষদে আইন গ্রহণে তাঁর অংশীদার হিসাবে আমি শ্ব্য এটা পরিজ্কার করে বলতে চাই যে পশ্চিম বাংলার মধ্যশিক্ষা আইন প্রস্তৃত করতে গেলে তার উদ্দেশ্য ও লক্ষ্য বর্ণিত হওয়া প্রয়োজন এবং সেই উদ্দেশ্য ও লক্ষ্য বর্ণনা করেন নি বলেই _{এই} বিলের কন্সিডারেশনের প্রস্তাব বাতিল করে দিতে চ'ই। (এ ভয়েসঃ তাহলে কি মদ্দী মহাশারের অসদক্রেশ্য আছে?) সং কি অসং উদ্দেশ্য তা আমি জানি না তবে স্থির উদ্দেশ্য গাকা উচিত ছিল। সেই স্থির উদ্দেশ্য এখানে নেই, এবং কন্সিডারেশনের সময়েই তার উল্লেখ করে নিতে চাই। আমি আইনজ্ঞ নই, আইন বুঝি না. এখানে এই প্রসঙ্গে আলোচনা করার সময় এটা বলা হতে পারে যেহেতু আমার এখানে প্রস্তাব ছিল না, সত্তরাং এটা বলতে পারব না। আলেন্ডমেন্টে এটা দেওয়া হয় নি অতএব বলতে পারবেন না. এই প্রদুন যদি আবার ওঠে তাহলে অম্মর বস্তব্য হচ্ছে যে বিলের প্রিন্সিপল্ কন্সিড র করবার সময়ই এই আলোচনা প্রাসন্গিক। এটা ধারাবাহিক আলোচনার সময় বলবো কিনা সেটা তখনকার বিচার্য। যে প্রিন্সিপলের উপর অটন হচ্ছে সেই প্রিন্সিপল আলোচনা করতে গিয়ে আমি অ্যামেন্ডমেন্ট দিয়েছি কি দিই নি মেটা প্রাসন্থিক নয়। মন্ত্রী মহাশয় এখন কন্সিডারেশনের জন্য এই বিল উপস্থিত করেছেন কেন আমরা একে বাতিল করে দিতে চাই. কেন এর বিরোধিতা করতে চাচ্ছি তার প্রত্যেকটি দিক দেখাবার জন্য আমার মনে হয় কোন বিলের কন্সিডারেশন মোশনের সময় তার নীতিগত ০টির ক্থা নিশ্চয়ই বলা উচিত। কোন বিলের আলোচনা করতে গেলে যে তিনটি দতর আছে। তার একটি হচ্ছে কন্সিভারেশন, আর একটি স্তর হচ্ছে ধারাবাহিক আলোচনা। ধারা-বাহিক আলোচনা করবার পর তৃতীয় ধাপে গিয়ে আর একটা আলোচনা। এ করবার তাহলে কি উন্দেশ্য ছিল? এটা তো এলাম. গেলাম, জয় করলাম-এর মত করে নিলেইতো হতো। মহীতোষ বাব, সোদন বললেন, আমরা তো ওটা পাশ করে নেব। তাই যথন জানছেন তথন একটা কাগজের তাড়া এখানে দিয়ে বললেই পারতেন ভোট দাও, কাগজের তাড়াকে গ্রহণ করব। ভোট হয়ে যেত, তারা পাশ করিয়ে নিতে পারতেন। তাহলে আলোচনার এই প্রহসন কেন? যদি সমস্ত দিক থেকে আলোচনা করতে গেলে প্রথমেই আইনান্য প্রশ্ন উত্থাপন করে বাধা দিতে চান তাহলে আমার প্রার্থনা সেই আইনের আগে আলোচনা হোক। এই তিনটি ধাপ করবার জন্য এই আইন গল, আছে, সেই আইন বর্তমানে প্রযোজ্য কিনা? সেই রীতির দিক থেকে এই বিলকে নিয়ে আমাদের আলোচনা করার যথেন্ট স্কোপ রয়েছে এবং মাধ্যমিক শিক্ষার বিপর্যয়কে রোধ করবার ^{দ্বন্য} সরকার যে প্রচেণ্টা করছেন এবং যে মেসিনারির সাহায্যে তাঁরা এগিয়ে যেতে চাইছেন সেই মসিনারিটা যাতে যথাসম্ভব শভেপ্রসূহয় চারিদিক থেকে বিপর্যয়ের সম্ভাবনা ও সমস্ত স্তরকে ^{ববেচনা} করে একটা সান্দর শিব গড়বার মত শিল্পশক্তি যাতে সম্পন্ন হয় তাই করা। আমাদের শক্ষামন্ত্রী মহাশয়ের শিলপশক্তি থাকলেও তিনি তা কোন কাজেই লাগাচ্ছেন না, এখানে আমরা থন তাঁর গঠন কাজের অংশ নিচ্ছি তখন শিবের পরিবর্তে বাঁদরটা যাতে না হয় এবং বাঁদরটা ^{দি হয়ই} সেটা যাতে হাত-পা ভাগ্গা পগ্যু না হয়ে যায় তার জন্য আমরা কিছ**ু কিছু, স**ুপারিশ ^{ক্ষিত্রিত} করতে চাইছি। আমাদের মনের মধ্যে এটা নেই যে আমরা শ্ব্ধ্ব অপোজিসানই দেবো। ^{গজে} কাজেই শিব না হয়ে বাঁদরটা যাতে না হয় এবং মধ্যশিক্ষা বাবস্থাটা **যাতে স্বত্যভাবে** ^{রিক্তা}লিত হতে পারে তার জন্য আমাদের পক্ষ থেকে কতকগর্নল সর্পারিশ, সর্পরামর্শ উপস্থিত ^{ন্বাই} হচ্ছে। এটা ঠিক যে বিল দীর্ঘদিন পড়ে রয়েছে। মন্ত্রী মহাশয় যথন বিল উপস্থিত করে-^{হন} তখন তিনিও বলেছেন. আমরাও দেখেছি যে, যে বিল ১৯৫৭ সালে উপস্থিত করা হরেছিল ^{দই বিল} এ বিল নয়, এ হচ্ছে নতুন একটা বিল এবং এই বিল প্রচারিত হয় নি, নগেনবাব, লেছেন যে দীর্ঘদিন বিল পড়ে রয়েছে কেন কোন আলোচনা হয় নি। তার উত্তর হ**চ্ছে** ্লোচনা করবার ইচ্ছার পত্র প্রেরণ করে যেখানে আমরা সাড়া পাই নি সেখানে হঠাৎ কোন্ ^{বিকারে} এবং কোন, ভরসায় এই বিল সরকারী দশ্তরে ছাপা হয়ে চাপা পড়ে থাকার সময় তাই

নিয়ে আমরা আলোচনা করতে যাব? এখন অমাদের চোখের সামনে এই বিল এসেছে। এই বিল এসেছে। এই বিল এসেছে এয়াসেম্বলীতে আগে। সেখানে যদি কোন পরিবর্তন, কোন রদবদল হয় তাহলে তার পর সেই বিল কাউন্সিলে আসবে। সেই পরিবর্তনের মধ্যে যদি দেখা যায় যে আমাদের প্রে অভিমত অনুযারী রদ-বদল হয়ে গেছে তাহলে অযথা আলোচনার প্রম্ন আসত না। যথনই কোন বিল হাউসের সামনে উপস্থিত করা হয় তথনই প্রম্ন ওঠে পাবলিক ওপিনিয়ান নেবার জনা কিবো সিলেক্ট কমিটিতে বিবেচনা করবার জন্য কোন প্রস্তাব আসবে কিনা, প্রস্তাব বিল উপস্থিত হবার আগ আসে না। প্রস্তাব দেবার সময় হয়েছে এবং বলা হবে যে কেন এটাকে সিলেক্ট কমিটিতে দিতে বলা হছে। সিলেক্ট কমিটি বসে পার্যলিক ওপিনিয়ান যদি নেন তাইলে নিশ্চয়ই নিতে পারবেন, এ নয় যে সিলেক্ট কমিটি হলে আর পাবলিক ওপিনিয়ানের কোন দাম থাকে না। সিলেক্ট কমিটি পার্বলিক ওপিনিয়ান ইনভাইট করতে পারেন। কাজে কারেই পার্বলিক ওপিনিয়ান এলিসিট করবার জন্য যে প্রস্তাব অর্থাৎ হোল হাউসের সামনে যে প্রস্তাব দেওয়া হয়েছে....

Mr. Chairman: You say the Select Committee of the whole House. [4-4-10 p.m.]

Shrimati Anila Debi:

নিশ্চরই। যা হোক সিলেক্ট কমিটির প্রসংগ শেষ করছি—বিশেষ করে তাতে যখন উত্তাপের স্থিতি হচ্ছে। আমি এখন বোর্ডের কর্নাস্টিটিউশনের দিকে আসতে চাই। বোর্ড তৈরী হচ্ছে দে-মুদালিয়র সামনে রেখে—দে কমিশন, মন্ত্রী মহাশর অবশ্য দে কমিটি বলেন, আমরা দ किमनन वर्ला कानि, कानि ना पर्हो किना-रमरे ए किमनन, भूमालियत किमगरनत वस्ता करतर বলেছেন—উভয় পক্ষেরই। শুনে আমার মনে হয়েছে অবস্থাটা যেন আধার্আধি করে ক্রের মত। এক পক্ষ কমিশন রিপোর্টের এক অর্ধেক ছেডেছেন, অপর পক্ষ আর অর্ধেক ছেডেছেন গোটা চেহারা কোনটারই আসছে না। এই ছে'ড়াছেড়িতে খানিকটা চেহারা ফুটছে মাত্র। আমর অন্ততঃ বাঝি যে একটা কমিটি বা কমিশন যে মতামত দেন তার মধ্যে বহুতর দিক মিলিয়েই দেন। সেই মতামতকে যখন আমরা গ্রহণ করবো তখন আমাদের বাস্তব অবস্থা এবং আমাদের যাতে উপকার হয় সেই পরিপ্রেক্ষিতে বিচার করবো এবং তদন্যায়ী তাঁদের মতামত গ্রহণ করবো। এটা আমরা নিশ্চয়ই কেউ অস্বীকার করি না। কাজে কাজেই এই বের্ড অটোনমাস হবে কি এই বোর্ড স্থ্যাডভাইসরী হবে সেটা নিয়ে বিবাদ করার চেয়ে আমাদের দেখতে হবে র্যাদ স্ন্যাডভাইসরী বোর্ড হয় তো সেই স্ন্যাডভাইস দেবার মত পূর্ণ ক্ষমতা তাকে দিতে হরে বাতে তার য়্যাডভাইসগ্বলি একটা লোক-দেখানো ব্যাপার না হয়ে উঠে। এবং এই বোর্ড র্যাদ য়্যাডভাইসরী বডি না হয়ে অটোনমাস বডি হয় সেটাও আপনারা বিবেচনা করতে পারেন। কিন্তু এই বিলে দেখছি—দেখিয়ে কিণ্ডিং একেবারে বণ্ডিতের ব্যবস্থা হয়েছে। বলছেন কিছু পাওয়ার দেয়া হয়েছে কিন্ত যে পাওয়ার দেওয়া হচ্ছে সে পাওয়ার যে কোন কমিটি বসিয়ে ওরা দিতে পারেন। আপংকালীন অবস্থায় এই বিতর্কমূলক বিল আনা উচিত কি অনুচিত তা নিয়ে প্রশ্ন উঠেছে। আমি মনে করি যে তাড়াতাড়ি করে এরকম বিতর্ক মূলক বিল আনবার প্রয়েতন ছিল না। সত্যসত্যই যদি সরকার ব্রুঝতেন যে সেকেন্ডারী এড়কেশনের ক্ষেত্রে যে বিপর্যায় দেশ দিয়েছে অবিলম্বে তার সলিউশন করা দরকার তাহলে আমাদের বক্তব্য হচ্ছে তাদের অনেক আগে নজর পড়তো বাতিল করা শিক্ষা বোর্ডের মাধ্যমে এবং তাঁর ডিরেক্টরেটের ক্মাকুশলতার জন্য সেকেন্ডারী এড়কেশনের ক্ষেত্রে কত বিপর্যায় স্থিট হয়েছে! এবং সেগ^{্রি} ্মন্ততঃ তারা প্রেবই পারতেন সেরে নিতে—সেদিকে তারা কতথানি দুন্টি দিয়েছেন? বোর্ডকে আর কোন ক্ষমতা দিন না দিন আমি সে প্রশ্ন নিয়ে আলোচনা করবো. কিন্ত তার মতকগ্নলি প্রশ্ন মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা করবো এবং সেই সমস্ত প্রশ্নের প্রতি দ্^{তিট্} না দিলে ঐ য়াাডভাইসরী কর্ন আর নাই কর্ন কিছুই কাজে লাগবে না! প্রথমতঃ আমার বন্তব্য হচ্ছে মুদালিয়ার কমিশন থেকে সূত্রু করে সার্জেণ্ট সাহেব পর্যন্ত কি কথা বলে গেছেন দৈক্ষকদের আ**র্থি**ক অবস্থা সম্পর্কে? মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে সবচেয়ে বেশী বিপর্যর ^{যাকে} মূল কেন্দ্র করে স্নৃতি হচ্ছে সেটা হচ্ছে আর্থিক সঙকট। এই সঙকট শিক্ষায়তনের দিক থেকে পরিচালনা ব্যবস্থার দিক থেকে, শিক্ষাথ^পর দিক থেকে, শিক্ষক সম্প্র দায়ের দিক থেকে এবং বিদ্যায়তনের বিভিন্ন কয় চারীর দিক থেকে

বিশেষ করে শিক্ষক ও শিক্ষায়তনের বিভিন্ন কমীর বেতন দান বিধির সঙ্কট হচ্ছে মন্তবড় সন্কট। সে সঙ্কটটার আমাদের ভেবেচিন্তে যতদ্র সন্ভব সমাধান করা প্রয়োজন। তারপর আমার বন্ধবা হচ্ছে যে কথা সবাই বলে গেছেন অর্থাং মুদালিয়ার কমিশন বলেছেন, দে কমিশন বলেছেন, সার্জেন্ট সাহেব বলেছেন যে টিচারদের কোয়ালিফিকেশনের অনুযায়ী বেতনের মধ্যে কোনরকম তফাং রাখা উচিত নয়, অর্থাং এডেড হোক, আনএডেড হোক, গভনমেন্ট হোক, ননগভনমেন্ট হোক সমন্ত স্কুল্রের শিক্ষকদের কোয়ালিফিকেশনের বেসিসে বেতন দেবার প্রয়োজন। সেই বেতন তাহলে তাঁরা কি করে পাবেন? একথা তাঁরা নিশ্চয়ই বলেন নি যে সরকার অর্থ না দিয়ে কাগজী ব্যবস্থা করবেন। গভনমেন্টের নিয়্রোজিত কমিশন গভনমেন্টের কাছে যখন স্পারিশ করছেন তখন ধরে নিতে হবে সেগ্রাল কার্যকরী করবার জন্য আর্থিক দায়ির যা থাকবে তাও গভনমেন্টকে মিট্ করতে হবে। স্ত্রাং বিশেষজ্বরা যখনই একথা বলছেন যে, সমস্ত বিদ্যালয়ে—গভনমেন্ট, নন-গভনমেন্ট, এডেড, আনএডেড বিদ্যালয়ের শিক্ষকদের যোগ্যতান্মসারে বেতন দিতে হবে তখন নিশ্চয়ই সেথানে সরকারী সাহাযোর প্রশ্ন রয়েছে এবং সে ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি অত্যন্ত শোচনীয় বার্থতা। সমস্ত ভারতবর্ষের মধ্যে এই ওয়েস্ট বেংগলে সরকারী সাহাযাবাণ্যত আনএডেড বিদ্যালরের সংখ্যা সবচেয়ে বেশী।

ফলে কি দেখা বাচ্ছে, দু-দুবার আমাদের বেতনের হার পরিবতিত হয়েছে কিন্তু সব শিক্ষকের ভাগ্যে তা ফলপ্রসূহয় নি। অবশ্য এখনও আমরা জানি না যে বোর্ড কিংবা ডাই-রেক্টোরেট কার কল্যাণে এটা হয়েছে। এখনে। ১৯৬১ সালে যে বেতনের হার সরকার স্বীকার করে নির্মোছলেন সেটা ২।১টি বিদ্যালয় ছাড়া আর কোথাও চালা হয় নি। শিক্ষা কর্তৃপক্ষের যে অপূর্বে কর্মক্ষমতা সেই প্রসংগ্যে আমি যদিও যাচ্ছি না কিন্তু বেতন হার যদি দিতে হয় তহলে এইড দিতে হবে এবং এইডের ব্যবস্থা করতে গেলে নিশ্চয়ই তার কতগুলো নিয়মকান্ন করতে হবে। (জনৈক সদস্যঃ অনেক বিদ্যালয়ে হয়েছে) না, হয় নি। আমি আপনাকে লিস্ট দিচ্ছি, আপনিও আমাকে লিস্ট দিন। কাজে কাজেই রেকগ্রনিশন ও এইডের কথা একসংগ্রেই আসে এবং আমরা দেখছি যে দে কমিশন বোর্ডের ফাংশনের ব্যাপারে যতগ্রলো রেকমেণ্ডেশন कर्त्राष्ट्रत्नन जात्र भर्या द्वकर्शनिमातन मर्ज्य এইएज कथा जीता वर्त्नाष्ट्रत्नन। जोका रक वन्छेन করবেন সেকথা আমি বলছি না। ডাইরেক্টরেট থেকে টাকা পাঠান হোক এবং ডিসবার্সমেন্ট ভাইরেকটোরেটের হাতেই থাকুক সে সম্বন্ধে আমার কোন বন্ধব্য নেই বা বোর্ডের হাত থেকে বণ্টিত হোক তাতেও আমার কোন বন্তব্য নেই। কিন্তু কতগুলো রুলস্, রেগুলেশন বা কণ্ডিশন তৈরী করবার ভার বোর্ডের হাতে থাকা দরকার এবং কেন যে সেটা থাকা দরকার সেই প্রন্ন আমি তুলতে চাই। আপনারা জানেন যে. মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা যথন ইউনিভাসিটির হাতে ছিল তথন ইউনিভাসিটির ছিল রিকগনিশনের অর্থারিট এবং এইড দেবার অর্থারিট ছিল ডি পি আই-র। কিন্তু সেই যুগের পরবতী কালের বোর্ডের যুগের যদি বিচার-বিশেলষণ করেন তাহলে কি দেখবেন? আমি বিশেষ করে আমার গুলেধয় মাস্টার মহাশয়কে বলতে বলছি। কারণ কিছু কাল সেই বোর্ডের মধ্যে যেহেতু আমি ছিলাম সেহেতু তার কিছু আকার-প্রকার যেমন আমার জানা আছে ঠিক তেমনি মাস্টার মহাশরেরও জানা আছে। ১৯৫০ সালের মধ্য-শিক্ষা আইনে বোর্ড হবার পর ব্যবস্থা ইউনিভার্সিটির হাত থেকে যথন বোর্ডের হাতে এল তখন দেখা গেল এইডেড স্কুলের সংখ্যা দ্রুততরভাবে বেড়ে গিয়েছিল। ইউনিভার্সিটির যুগে গভর্ণমেন্ট নানা কন্ডিশন আরোপ করে বিদ্যালয়ে ডি পি আই থেকে গ্র্যান্ট দিতেন। কিন্তু ইউ-নিভাসিটি শিক্ষা বিস্তার করতে চাইতেন বলে তাঁরা বিদ্যালয়ের রিকগনিশন দরাজ হাতে দিয়ে যেতেন। এই দুটির মধ্যে সামঞ্জস্য আনবার জন্য রিকগনিশন এবং গ্র্যান্ট যদি একটা হাতে না থাকে তাহলে বিদ্যালয়গুলো ঐ শ্রদেধয় করিম সাহেব যা বলেছেন তাই হবে—অর্থাৎ আশ্রম-টাশ্রম খুলে সেখানে আমাদের অর্থাৎ শিক্ষক মহাশয়দের প্রতিজ্ঞা করতে হবে যে আমাদের তাগেই করতে হবে। শিক্ষাকে এগিয়ে নেবার জন্য প্রয়োজনে সাধ্যমত আমরা ত্যাগ করব না এটা আমরা বলব না, কিন্তু জীবনরক্ষার কথাও মনে রাখতে হবে। যে আশ্রমের কথা তিনি বললেন সেই আশ্রম প্রসঙেগ আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের মতই ইংরাজ আমল কথাটার উল্লেখ করতে চাই। ইংরেজ আমলে শাসকব,ন্দ আমাদের শিক্ষা বিস্তার করতে চায় নি। কিন্তু আঞ কোন্ লম্জায় স্বদেশী গভর্ণমেশ্টের পতাকার তলায় দাঁড়িয়ে একথা বলব যে আমরা অনবরত

ত্যাগ করে যাব? আমি শিক্ষক শিক্ষা আশ্রম করব আর রিকগনিশন দেবার বেলায় কর্ত_{পিক্ষ} কণিডশন দেবেন, পছন্দ না হলে আমার সেই আশ্রমকে সন্দেহের চেথে দেখবেন এবং আমার ত্যাগের উপর ভিত্তি করে তাঁরা ভোগের বিলাস ওড়াবেন একথা কোন্ লম্জায় এখানে দাঁডিয়ে বলব। যা হোক, আমরা শিক্ষা আশ্রম করতে চাই, তথা বিদ্যালয় করতে চাই কিন্তু সরকারকে সহান,ভূতির সংগ বিশেলষণ করে এইডের বাবস্থা করতে হবে। আমাদের এই কোলকাতার সমস্ত বিদ্যালয়গুলো যদি দেখেন তাহলে দেখবেন কোলকাতার ৯৯ ভাগ স্কুল হচ্ছে আন-এইডেড। ওঁরা হয়ত বলবেন এইড নিতে চায় না, প্রোপ্রাইটরী বিজনেস চলে ইত্যাদি। এইসর আমরা স্বীকার করি। সেইজনাই বর্তমান মুখ্যমন্ত্রীর সঙ্গে যখন অমরা শেষ আলোচনা করি তথন তাঁকে বলেছিলাম যে একথা আমরা জানি। কিন্তু প্রুলগ্রুলিকে কায়েমী প্রার্থমুক্ত কর্বার জন্য আপনাদের একটা আইন প্রণয়ন করা উচিত। স্কুলগর্বলকে স্কুথোগ দেবার জন্য একটা ফ্রেস্পোগ্রাম করা উচিত। কেন্ কোন্ কল্ডিশনগ্রো কতদিনে ফ্রাফিল্ড করলে এইড দেয়া যেতে পারে সে সম্পর্কে একটা ম্পন্ট ধারণা ম্কুলগ**ুলোকে জানি**য়ে দিতে হবে। তারপুর র্যাদ কেউ ইচ্ছা করে এইড গ্রহণ না করে তাহলে আপনাদের জোর করে বলতে হবে যে, তমি তোমার ফাল্ড কোথায় লাকিয়ে রেখেছ? তুমি শিক্ষকদের সরকার-প্রবার্তত হারে বেতন দাও। অর্থের অভাবে তা যদি দিতে না পার তাহলে তোমার হিসেবপত্র দাখিল করে আমাদের কাছ থেকে সাহায্য নাও। সাহায্য যদি না নিতে চাও তাহলে তোমাদের গোপন ফাল্ড থেকে টাকা বার করে শিক্ষকদের বেতন দেবার বাবস্থা কর। বিবেচনার কথা মুখামন্ত্রী মশাই বর্লোছলেন কিন্ত সরকার কতটা ভাবতে পেরেছেন এবং কি যে করবেন জানি না। তারপর এখন দেখছি রিক্সনিশনের ভার বোর্ডকে দিয়ে সরকার এইডের ভার ডিপার্টমেন্টের হাতে রাখছেন এবং তাতে আমাদের সন্দেহ আসছে। স্যার, আমাদের পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দু রায় যখন বিদ্যালয়ের কমী'দের বেতনের আশ্বাস আমাদের দির্মেছিলেন তখন তিনি বলেছিলেন যে পে কমিশন ক্রাস ফোর স্টাফের এবং ক্লাক্দের যে বেসিস ধরেছেন সেই লাইটে তিনি বিদ্যালয়ের क्यी (पत्र अर्था कार्क, लाहेर्द्धातियान वर भिनियालम् म्हेरिकत दिन्दात कथा विद्युष्टना कत्रात्न।

[4-10—4-20 p.m.]

কিন্তু তাঁর এটা সম্পূর্ণ করে যাবার অবসর হয় নি। বর্তমান আমাদের যে মুখামন্দ্রী তাঁর কাছেও গিয়েছিলাম, তিনি সেটা অতান্ত সহান্ত্তির সঙ্গে বিচার করবার ভার দিয়েছিলেন ডিরেক্টরেটের উপর। আমরা শুনতাম সেখানে ব্যবস্থা সব হচ্ছে, বিবেচনা হচ্ছে। কিন্তু হঠাং থলোট ছি'ড়ে বিড়ালটি বেরিয়ে এলো। সেখানে আমরা কি দেখতে পাছিছ? খুব স্কুনর ব্যবস্থা হয়েছে! ডি এ ইনকুডেড হয়ে য়বে, সহজবোধ্য ব্যাপার, আমাদের শিক্ষা রাজ্মন্দ্রী তো বলেই দিলেন এখন থেকে যা কিছু পে স্কেল ঠিক হবে তাতে ডি এ ইনকুডেড হবে, তাহলে ব্যাপারটা কি হবে? একজন নন মাণ্ট্রিক ক্লাকের বেলায় তিনি ধরেছেন ৭৫ টাকা থেকে ৯৬ টাকা ইনকুডিং ডি এ। ৭৫ থেকে ২০ টাকা বাদ দিলে দাঁড়ায় ৫৫ টাকা। আগে ছিল ৫০ টাকা। তাহলে বাড়ালেন ৫ টাকা, উপরে উঠেছেন কত? ৯৬ টাকা। ছিল ৭০ টাকা, ৫ টাকা বাড়িয়ে করলেন ৭৫ টাকা ডি এ সমেত, কিন্তু উপরের দিকে করলেন ৯৬ টাকা। স্যার. আপনি একবার কল্পনা করে দেখুন এই ৯৬ টাকা এলো কি বিপুল বাড়তি হিসাবে, আমিত বুঝতে পারছি না। ১০০ টাকা প্যন্তিত করাটাও তাঁদের বিবেচনার মধ্যে এলো না?

তারপর ক্লাস ৪-এর বেলায় ধরেছেন ৪৫ টাকা, বর্তমান ডি এ ১০ টাকা বাদ দিলে তাদের মাইনে দাঁড়ায় ৩৫ টাকা। আপনি, স্যার, একবার বিবেচনা করে দেখন, হোক সে মিনিয়েল দটাফ, একটা লোকের খেতে কত লাগে? আর এই বিবেচনার জন্য তাঁরা অহঙ্কার করে থাকেন. ওখান থেকে তাঁরা ঐরকমই বিবেচনার পরিচয় দেবেন। এবারে আমার আর একটা সন্দেহের উত্তর চাই। আমি শানেছি কটকের কনফারেন্সে গিয়ে, সেন্ট্রাল সেক্রেটারী বলেছিলেন পশ্চিম বাংলায় দ্বী শিক্ষার বিশ্তারের জন্য স্যানিং পিরিয়ডে সিলিং ডিমার্কেশন করে একটা টাকা কেন্দ্র-বরান্দ আছে। ওয়েস্ট বেঙ্গল কি দ্বী শিক্ষার জন্য আলাদা করে সে টাকা ব্যয় করছেন? নাকি এডুকেশনের সঙ্গো ঢালাও ব্যবস্থা করেছেন? কিভাবে এইসব টাকা খরচ হয়, কোথায় বায় কিছুই বোঝা যায় না। অনেক রকম কথা শোনা যায়, আমি সে সম্মত অপ্রিয় প্রসঙ্গো যেতে চাই না। আমার বস্তব্য টাকাটা দেবার ব্যবস্থা তাঁরা নিজেদের হাতে রাখনে কিন্তু কি

ক্রিড্রানে কিভাবে টাকা দেওয়া হবে সেই নিয়মাবলী করার ভার যদি বোর্ডকে না দেওয়া হয় বোর্ড তাহলে শিব তো দ্বের কথা বাঁদরও হবে না। মন্ত্রী মহাশয় বলছেন প্রতুল, সে প্রতুলও চবে না, সেটা হবে যেন অনেকটা কালীঘাটের চেণ্টা নাকের রংচং করা কাঠের পতুল নামী খেলনা। তা দিয়ে ছেলে ভুলান যেতে পারে, যারা অন্ধভাবে দেশের কল্যাণের কথা বিস্মৃত হয়ে বিলকে সমর্থন করতে চান তাদের এই রংচং করা খেলনা দিয়ে সুন্তুষ্ট করা যেতে পারে, কিন্তু যাদের প্রতিদিনের অভিজ্ঞতার ভিতর দিয়ে প্রতিদিন ব্রততে হচ্ছে সেকেণ্ডারি এডু-কেশনকে কি বিপর্যয়ের মধ্যে চলতে হচ্ছে তাঁরা এত সহজে বিমূপ্থ হতে পারেন না। তাই অনেক সময় অপ্রিয় হলেও মনের জনালা প্রকাশ করে দিতে হয়, যেমন আমি আজকে কিছু, জ্বালার স্থিত করছি। কাজে কাজেই মুদালিয়ার কমিশনকে আপনারা ছি'ড্বন, দে কমিশনকে ছি'ডু'ন আপত্তি নেই, সার্জে'ন্ট সাহেবের রিপোর্টকে ট্রকরো ট্রকরো কর্ন, এখান থেকে কিছ্র ওখান থেকে কিছু, গ্রহণ করুন আপত্তি নেই, কিন্তু একটা দিকে নজর দিন যেখানে মুদালিয়ার ক্মিশন যা বলেছেন, 'দে'ও তাই বলেছেন, সার্জেন্টও তাই বলেছেন। তিন সময়ে তাঁদেরই আমন্ত্রিত বিশেষজ্ঞ একই কথা বলেছেন প্রত্যেক শিক্ষককেই—আন-এডেড হোক, এডেড হোক, গভর্ণমেন্ট হোক. নন-গভর্ণমেন্ট হোক—তাঁদের কোয়ালিফিকেশন অনুসারে বেতন দিতে হবে। সেই বেতনের ব্যবস্থা এখানে কি করে করবেল সেটা মন্ত্রী মহাশয় যদি দয়া করে বলেন তাহলে অনুগৃহীত হবো।

আমার মনে হয় দ্বিতীয় কারণে এই উত্থাপিত প্রস্তাব বিবেচনা করা উচিত। মন্ত্রী মহা**শরের** উত্তরের পর আমাদের আর কিছ্ম বলবার থাকবে না। কিন্তু তাঁকে এটা বিশেষ করে বিবেচনা করার জন্য বর্লাছ যে উত্থাপিত প্রস্তাব গ্রহণ করা হোক—অথাৎ হোল হাউসের সিলেক্ট কমিটির সামনে বিচার-বিশেলষণের জন্য দেওয়া হোক। কিছ্ম ক্ষতি হবে না, যেভাবে বোর্ড চলেছে খুব দ্রুত তার অবসান ঘটে যাক সে বিষয়ে মন্ত্রী মহাশয় বা ওপক্ষের কোন সদসোর সংগ আমার মতবিরোধ নেই। কারণ সেখানে যা চলছে তা চলতে দেওয়া যেতে পারে না। আমাদের সরকারের সর্বক্ষমতা আছে, তাঁদের ব্যবস্থায় বাতিল বোর্ডকে স্বীকার না করেও তাঁরা ব্যবস্থা করতে পারেন বিশেষ করে যখন বলছেন ১৯৫০ সালের অ্যাক্ট বাতিল হয়ে গিয়েছে। তখন সেই এ্যাক্টের মধ্যে পড়বার কোন সম্ভাবনা নেই। বোর্ডকে বাদ দিয়ে সুব্যবস্থার জন্য সরকার ষেগ্রাল করতে পারেন সেগ্রাল করতে থাকুন এবং ইতিমধ্যে আমরা বিলের ধারাগ্রাল নিয়ে আলোচনা করে কোথায় কি রকম ধারা গ্রহণযোগ্য হয়, সবই যে হবে জনি না, সেটা আমরা বিবেচনা করতে পারি। আর একটা জিনিস আমি অলপ কথার মধ্যে বলতে চাই সেটা হচ্ছে অ মালের মেয়েদের শিক্ষা সম্বন্ধে। মেরেদের শিক্ষা সম্বন্ধে সমস্ত ওরাক্ডের চিত্রটা যদি দেখি তাহলে দেখব সমস্ত জায়গায় মেয়েদের শিক্ষা নিয়ে বিশেষ করে আলোচনা হচ্ছে, বিশেষ পরি-প্রেক্ষিতে তাকে বিবেচনা করবার কথা হচ্ছে। কেন্দ্র সরকারের দ*তরে হচ্ছে, আমাদের পশ্চিম বংগও হচ্ছে। কিল্তু দেখছি এই বিলের মধ্যে সে সম্বন্ধে আলাদা করে কিছু বলা হচ্ছে না। হয়ত বলবেন, পরে কমিটি করবেন। একটা রিপোর্টে দেখছিলাম দুর্গাবাই দেশমুখ রেক্মেন-ডেসান করেছিলেন যে প্রত্যেক স্টেটে উইমেন্স এডুকেশন কমিটি করতে হবে, সেটা অবশ্য শ্রেছি স্টেট গভর্মেন্ট করেছিলেন। কারণ শিক্ষামন্ত্রী মহাশয় আগের বার আমার একটা জিজ্ঞাসার উত্তরে বলেছিলেন যে হাাঁ, করা হচ্ছে। কিন্তু তারপর তার যে কি কার্ষবিধি হলো, সেটা আমরা জানতে পারি নি। শিক্ষা বিষয়ে আগ্রহ আমাদের সবার, ব্যবন্ধাকর্তা তাঁরা—বসে কোথায় শেয়ালের গতে কি করবেন এবং তা তাঁদের মধ্যেই রাখবেন? আমরা কি তার কিছুই জানব না? কেন আমরা সেই কমিটি সম্বন্ধে জানতে পারছি না? বিশেষ করে আমার বস্তব্য হচ্ছে হিসাবের মধ্যে দেখা যায় পশ্চিমবঙ্গে মেয়েদের শিক্ষার অবস্থা সবচেয়ে বেশী শোচনীয়। রিপোর্ট আমি কোট করে দেখাব না. সময় নেব না বলে পেজগর্মল বলে যেতে পারি, আপনারা দেখে নিতে পারেন। স্ট্যাটিসটিক্স যদি আপনারা দেখেন তাহলে দেখবেন মন্দ্রী মহাশরের এটা শোনা দরকার, মেয়েদের শিক্ষার জন্য অভিভাবকরা যা দেন সরকার প্রায় তার সমানই দেন অর্থাৎ ফিজ থেকে যা উঠে আর সরকার থেকে যে অর্থ বরান্দ হয় তা প্রায় সমান, উপরন্তু কিছ্বটা তফাৎও রয়েছে। অবস্থাটা যথন এমনি তথন নিশ্চয়ই একটা স্পেশ্যাল দাবি আমি মেয়ে হিসাবে করব যে মেয়েদের শিক্ষার কি নীতি সরকার নিচ্ছেন সেটা আমাদের জ্বানতে হবে। তার জন্য জনসম্মির্থত একটা কমিটি তৈরি করতে হবে যাতে অভিজ্ঞ লোকেরা সেই কমিটির

মধ্যে দ্ব্রী শিক্ষা সংক্রান্ত মতামত দিতে পারেন। এই ধরনের ব্যবন্ধার উল্লেখ নিশ্চয়ই এই বোর্ড বিলে থাকা উচিত ছিল। যখন সেকেন্ডারী এডুকেশন নিয়ে এই বিল তখন সেকেন্ডারী এডকেশনের ক্ষেত্রে মেয়েদের কি ব্যবস্থা হবে সে সম্বন্ধে সম্পন্ট ইণ্গিত এখানে থাকা উচিত हिन वरन आमि मत्न कात्र। **এই यে ডिएक्डेम**ग्रीन घर्ট्टाए स्मरे ডिएक्डेमग्रीनत कथा वन्हिए গিয়ে কথা কাটাকাটি করে যে তিক্ততার স্থান্টি হয় সেই তিক্ততার অবসান ঘটাতে পারি যদি আমুবা শান্তভাবে কোন জায়গায় বসে আমাদের চিন্তাধারার আদান-প্রদান করতে পারি। সরকার হয়ত এই বিল আলোচনার পূর্বেই পাশ করিয়ে নিতে পারেন, এবং কার্য কারিতার দিক থেকে আর কিছু না পার্ন শিক্ষক সমাজের উপর জাঁতাকল চাপিয়ে দিতে পারবেন। শিক্ষকদের কোন রক্ম অভিমত গ্রহণ না করে, অভিভাবকদের মতামত গ্রাহ্য না করে, নন্দবাব, থাকলে কিছু, মনে করবেন না, ঐ যত দোষ নন্দ ঘোষের উপর চাপিয়ে দিয়ে তাঁরা নিশ্চিন্ত হতে পারেন। শিক্ষা-क्कात या किছ, तारि राक-रामन एक एवंदा एक एथन देश रकन, मांशी **के भिक्क** कता: एक एवंदा अफा-শুনা করে না কেন, দায়ী ঐ শিক্ষকরা: ছেলেরা রোগা হয় কেন, দায়ী ঐ শিক্ষকরা: অর্থাৎ শিক্ষার্থী-দের সব কিছুর জন্য দায়ী হচ্ছেন ঐ পোড়া শিক্ষকরা। অথচ তাদের যে পর্টুড়য়ে কংকাল করে কাঠ করে রাখছেন সেদিকে তো কর্তৃপক্ষের লক্ষ্য নেই। আর কিছুদিন পরে তাঁদের প্রতি সর-কারের উপদেশামত সার্কলারের মাধ্যমে চিঠির মাধ্যমে যতই বর্ষিত হোক, তাঁদের নিজেদের দ্বাধীন চিন্তাশক্তি তাঁরা হারিয়ে ফেলবেন, ফলে শ্রুদেয়ে করিম সাহেব যে আশ্রুমের কথা বলে প্রেরণা দিতে চেয়েছেন সেই শিক্ষকের আশ্রম উন্মাদের আশ্রম ছাড়া আর কিছু হতে পারবে না সেকথা আমি ভবিষ্যান্বাণী করতে পারি। সেদিক থেকে ওপক্ষ যা করবার করে নেবেন। কিন্ত করে নেবার আগে তাঁরা তকের খাতিরে যা যা বলেন—নিজেদের বাড়ি-ঘরের দিকে তাকিরে. ছেলেমেয়েদের কথা ভেবে বিবেচনা করে নিন। আমি জানি আপনারা এখানে বসে তর্ক করেন, গালা-গালি দেন, কিল্ড লবিতে গিয়ে বলেন যে ঠিক কথা বলেছেন, কেন এই ছলনা, এই ছলনা করে আর কর্তাদন দেশের সর্বনাশ করবেন? সত্যাপ্রিয়বাব, যখন বললেন যে এটা পিওরলি এাড-ভাইসার বোর্ড হোক, তাকে কোন পাওয়ার দিয়ে কাজ নেই তখন মহীতোষবাব, বলেছিলেন যে ওটা তোমার মনের কথা নয়। আমরা বলতে চাই, আমরা তাঁর মত দুই রকমে মনের কথা বলতে শিখি নি. আমরা এখানে যা বলি, বাইরে গিয়ে তাইই বলি। কাজে কাজেই দুমুখো নীতিকে ত্যাগ করে শাল্ত মনে আলাপ-আলোচনা করবার জন্য অন্ততঃ হোল হাউস সিলেক্ট কমিটির যে প্রস্তাব করা হয়েছে সেটাকে অপনারা গ্রহণ করবেন, তাতে মণ্গল হবে, তাতে সতাসতাই অপোজিশনকে খাব বড একটা কিছা ক্রেডিট দেওয়া হবে না. সমুস্ত দেশের বাকে এই সরকার ক্রেভিট নেবার স্বাযোগ পাবেন এই বলে আমি আমার বন্তব্য শেষ করছি।

[4-20-4-30 p.m.]

Mr. Chairman: Quite a controversy has been raised over the expression "Select Committee". I would like to read out to the members the definition of Select Committee from our Rules which runs thus:—

"Select Committee" means a Committee appointed by the Council to consider, or take evidence upon, any Bill or any other matter and to report their opinion for the information and assistance of the Council and includes a Committee of the whole Council constituted for such purposes."

So, the use of the term "Select Committee" is perfectly in order.

Shri Gopal Halder:

মানলীয় সভাপতি মহাশয়, আমাদের বক্তৃতা অনেকাংশে সহজ হয়ে এসেছে সরকার পক্ষ থেকে রেজাউল করিম সাহেবের বক্তৃতা বলার পর, কির্পে তা পরে বলছি। কারণ, তাতে অনেক জিনিস এখন আমাদের পক্ষে বলা সহজ হয়েছে। তবে এই মধ্যশিক্ষা পর্যং বিল সম্বন্ধে আমি যা বলতে চাই তা হচ্ছে এই যে, এই বিলের অমি প্রয়োজনও দেখি না, আর এই বিল ক্ষতিকারক বলেই আমি মনে করি। কাজেই গভীর আপত্তি আমার এই বিল সম্বন্ধে আছে। তার কোন রকম উন্নতি করা যায় কিনা, তা সমুস্ত কাউন্সিলের সিলেই কমিটিতে বিবেচনা করে দেখা যেতে

পারে। তখন বলা যেতে পারবে যে সত্যসত্যই এর উন্নতি সম্ভব কিনা, তার প্রের্ব তাও বলা ধার না। সরকার পক্ষ থেকে অনেকবার বলা হয়েছে এটা মধ্যশিক্ষা বিল। অতএব এটার শ্র্ব্র্বজ্ঞ হচ্ছে একটা পর্যপ গঠন করার, তার কতকগৃহলি ফাংশন ও ক্ষমতা সম্বশ্ধে ব্যবস্থা করা। অতএব মধ্যশিক্ষার থেকে "শিক্ষা" কথাটা বাদ দিতে হবে। অন্ততঃ মহীতোষবাব্ বার বার একথা বলতে চেন্টা করেছেন যে, "'শিক্ষা' কথাটা তুলবেন না, শ্র্য্ব্র্ব্র্ব্র্ব্রের কথাটা আলোচনা করবেন।" শিক্ষা কথাটা এখানে অবান্তর; শিক্ষাটা এ দৃষ্টিতে অপ্রাস্থাপক। সত্য কথা। আমরা জানি আজ বাংলাদেশে ১৫ বছর যাবৎ যেভাবে শিক্ষা পরিহাসিত হয়েছে, বিশেষ করে আবার মধ্যশিক্ষায় যা হচ্ছে, তাতে শিক্ষা জিনিসটা বাংলাদেশে অবান্তর এখন হয়ে উঠেছে সরকারের কৃপায়। কাজেই এ সম্বন্ধে আলোচনাটা অবান্তর বলা সরকার পক্ষীয় অনেকের কাছে যেমন স্ক্র্র্যাদ তেমনি আমরা ব্র্বতে পারি যে শিক্ষা সম্বন্ধে লোকের মনে কি ক্ষোভ এবং ক্রোধ জন্মেছে সেটা প্রকাশ করাও কারো কারো পক্ষে প্রয়োজন। অন্ততঃ আমরা তাই মনে করি।

কেন এই বিল প্রে এল না? ৮ বছর প্রে মধ্যশিক্ষা পর্যৎ বাতিল হয়েছিল। তারপরে আমরা জানি যে একটা বিল এসেছিল আমাদের এ সভায়—আমি অবশ্য তথন সদস্য ছিলাম না। বর্তমান বিলে নাকি তার তুলনায় কিছু কিছু জিনিস পরিবর্তিত হয়েছে। হতে পারে, সেই কথায় পরে আসছি। কিন্তু সেই বিল এখান থেকে পাশ হয়ে গেল। তাই অনেকে বললেন—যেহেতু এখানে এটা তথন বিবেচিত হয়েছে, অতএব বর্তমানে যে বিল এসেছে তা বিবেচনা করার কোন প্রয়েজন নেই। সেই স্ত্রে আমিও বলতে চাই যে, ৫ বছর প্রে এখান থেকে সেই বিল পাস হবার পরেও কেন অ্যাসেশ্বলীতে তা উত্থাপিত হল না? সরকার পক্ষ কেন তা উত্থাপিত করলেন না? শ্রেনছি মন্ত্রী মহাশয় বলেন তার কারণ তাঁর অজ্ঞাত—তাঁর অজ্ঞাত হতে পারে কিন্তু জনসেবীরা সম্পূর্ণ জ্ঞাত।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমি তা বলি নি।

Shri Copal Halder:

আসেম্বলীর যে রিপোর্ট খবরের কাগজে বেরিয়ছে আমি তার থেকে বলছি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

ও রিপোর্ট ভুল, আমি অজ্ঞাত বলি নি।

Shri Gopal Halder:

ক্ষমা করবেন। কাগজে যা দেখেছি তাই বললাম। যা হোক, ব্যাপারটা দেশবাসীর সম্পূর্ণ **জ্ঞাত** িক কারণে আসলে তা হচ্ছে এই যে, সরকারপক্ষীয় সভ্য যাঁরা ছিলেন তাঁরাও ব্রুঝতে ছিলেন যে, এইভাবে শিক্ষায় যে কান্ড ঘটছে, তারপরে এরূপ বিল আসলে পর দেশের সামনে তাতে পর্ষণ উল্লতি করা তো দুরের কথা, তাঁরাই তথন টি'কতে পারবেন কিনা সন্দেহ। বিশেষতঃ তার উপর আবার তাঁদের সামনে নির্বাচনও ছিল। এই একমাত্র শিক্ষার ব্যাপারে বর্তমান কংগ্রেস সরকার দেশবাসীর কাছে যে রকমভাবে বার বার তিরস্কৃত হয়েছেন তাতে তাদৈর পক্ষে ঐ রকম বিল অ্যাসেম্বলীতে পাস করানো তখন সম্ভব হয় নি, সাহসও হয় নি। আজকে জর্বী অবস্থার জন্য সে অবস্থা পরিবর্তিত হয়েছে; আর সেই পরিবর্তিত অবস্থার সুযোগ আসায় আজকে এই বিল আবার এখানে উত্থাপিত হয়েছে। আমি বলবো একটা কঠিন জরুরী অবস্থার সুযোগ নিয়ে তার মধ্য দিয়ে একটা অত্যন্ত জঘন্য রকমের বিল জঘন্য রকমের ব্যাখ্যা দ্বারা দেশবাসীকে গলাধঃ-করণ করানোর চেণ্টা হচ্ছে। এছাড়া এই বিলটাকে অন্য কোনভাবে অভিহিত করা যায় না। এর স্বারা দেখা যায় এই ৫ বছরের মধ্যে, কিন্বা ৪ বছরের মধ্যে, আরো কি ঘটেছে যে এই বিলের আবার আলোচনা প্রয়োজন। যদি কিছু ঘটে থাকে তো তা হচ্ছে শিক্ষার বিপর্যয় আরো গ্রেত্র হরে উঠেছে, শিক্ষাক্ষেত্রে আরো কিছ্র অবনতি ঘটেছে, শিক্ষার প্রসার যতটা হওয়া সম্ভব ছিল। অন্ততঃপক্ষে কোন কোন ক্ষেত্রে নিশ্চরই সে উন্নতি ঘটে নি। ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনার আমাদের বাংলাদেশের নিরক্ষরতার হিসাব নিলেই তা ব্রুবতে পারি।

ভারতীয় রাজ্যসম্হের মধ্যে প্রে মেথানে আমাদের দ্বিতীয় স্থান ছিল সেখানে আমারা এখন পণ্ডম স্থানে নেমে এসেছি। এই হচ্ছে ১৯৬৩-এর সেন্সসের হিসেব। যদিও খাতাপত্রে অনেক কিছু দেখান যেতে পারে কিন্তু সমসত ভারতবর্ষের এবং বাংলাদেশের লোক জানে যে, শিক্ষাক্ষেত্রে এই সময়ের মধ্যে যা ঘটেছে সেটা হোল বিপর্যয়; এবং বিশেষ করে সেই বিপর্যয় আবার হয়েছে মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে। আমাদের মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে যেভাবে বিপর্যয় ঘটেছে তার কথা উত্থাপন করলে সরকার পক্ষীয় কোন কোন বন্ধ্র বলেন যে, শিক্ষার কথাটা বাদ দিন, শিক্ষার আলোচনা করবেন না। কিন্তু দেশবাসী জানে দেশের শিক্ষাক্ষেত্রে যা চলেছে, তাকে আমাদের রেজাউল করিম সাহেব শ্র্ব, 'আবর্ত' বলেছেন, কিন্তু আমি আবর্ত বলব না, আমি বলব এ হছেছ চরম 'বিপর্যয়'। যদি আরও ২।৪ বছর চলে তাহলে দেখবেন এই দেশের শিক্ষাক্ষেত্রে বিপর্যয়'। যদি আরও ২।৪ বছর চলে তাহলে দেখবেন এই দেশের শিক্ষাক্ষেত্রে বিপর্যয়'। বদি আরও ২।৪ বছর চলে তাহলে দেখবেন এই তেনের শিক্ষাক্ষত্রে বিপর্যয়'। বদি আরও ২।৪ বছর চলে তাহলে দেখবেন এই তেনের শিক্ষাক্রতে বিপর্যয় শ্র্ব, ঘোরতর হয় নি, একটা জঘনা ব্যাপার প্রজিত হয়ে উঠেছে। তখন হয়ত আপনাদের সমসত রাজাসনই ধরসে পড়ার মত অবস্থা হবে এবং এমন অবস্থা হবে যে, সরকারী প্রশাসনিক কার্য পরিচালনা করবার মত উপযুক্ত লোক আপনারা পাবেন না।

আজকে এই জরুরী অবস্থায় আমরা জানতে পেরেছি যে, আমাদের জাতির মের্দণ্ড শক্ত নয়। কেন শক্ত নয় তা যদি বিচার করি তাহলে জানব যে মের্দণ্ড যে শক্তিতে শক্ত রাখতে পারত তার শেষ উৎস শিক্ষাক্ষেত্র: সেই শিক্ষাক্ষেত্রে পর্যন্ত আমরা ঘুন ধরাবার জন্য চেণ্টা করছি। আজকে ৮ 1৯০ বছর যাবং যে দুর্বলতা ক্রমশঃ প্রকাশিত হচ্ছে সেটা হঠাং প্রকাশিত হয় নি, এর কারণ অনেক পেছনে ছিল। শিক্ষাক্ষেত্রেও তাই জঞ্জাল জমেছে, বিশেষ করে বাংলাদেশের মাধ্যমিক **শিক্ষার ক্ষেত্রে। কোথায় গেল বাংলাদেশের সেই মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা?** আজকের দিনে আমরা জানি এবং আপনারাও একবার সব কথা ভেবে দেখুন। ছেলেরা হাজারে হাজারে স্কুলের দুয়ারে দুয়ারে যায়। আপনারা বলবেন শিক্ষার প্রসার ঘটেছে। শিক্ষার এরপে প্রসারের দিকে যদি তাকিয়ে দেখেন তাহলে দেখবেন বাঙ্গালী চিরদিনই শিক্ষার নামে পাগল ছিল। বিটিণ গভর্নমেন্ট প্রাণপণে শিক্ষাকে কুন্ঠিত করবার চেণ্টা করেছে, কিন্তু সমর্থ হয় নি। খেয়ে না খেয়ে আমরা শিক্ষার প্রসারের জন্য চেণ্টা করছি। আজকে স্বদেশী আমলে, আমাদের নিজেদের আমলে আমরা আশা করেছিলাম যে সমস্ত দেশে অন্ততঃ এই সময়ের মধ্যে নানাভাবে শিক্ষা প্রসারিত হয়ে পড়বে। কিন্তু সেই আকাঙ্কা আমাদের পূর্ণ হয় নি, সেই স্বণন আমাদের সার্থক হয় নি। তথাপি শিক্ষাপাগল বাঙ্গালী জাতি সেই শিক্ষাকে যেমনভাবে পারে গ্রহণ করতে চেষ্টা করেছে। সেই দিকে নজর রেথে যদি দেখেন তাহলে দেখবেন, শিক্ষার যতথানি প্রসার করবার দরকার ছিল এই স্বরাজ আমলে সেই প্রসার ঘটে নি। তারপর, শিক্ষার প্রসার যতখানি আগামী দিনে ঘটবার সম্ভাবনা, তাতেও দেশের মানুষের শিক্ষার আকাঙ্ক্ষার কথা মনে রেখে আমরা যা অনুমান করতে পারি—দেখছি তেমনভাবে শিক্ষার দরজা খুলে দেবার চেন্টা এখনও পর্যন্ত কর্তৃপক্ষ করেন নি এবং তা করার কথা এই বিলের মধ্যেও উত্থাপন করা হয় নি এবং বিদ্য উত্থাপনকালের বন্ধুতায়ও কোন কথা বলা হয় নি। তব_ন যতদরে বর্কা, শিক্ষার প্রসার আমাদের দেশে আপনা থেকেই ঘটতে থাকবে, তা কেউ চান বা না চান। কিন্তু পূর্বে পূর্বে বেভাবে শিক্ষা বিভাগের কর্তৃপক্ষের মূখ থেকে শ্রনিছি তাতে মনে হয়েছে যে, তাঁরা একথাই বলতে চান যে অবাঞ্ছিত লোকই শিক্ষালাভ করবার জন্য এখন শিক্ষাক্ষেত্রে এসেছে। শিক্ষার্থীরা অনেকে এমন বৃদ্ধিমান নয় যে তারা শিক্ষা লাভ করতে পারে, এমন কথা অনেকবার শিক্ষা বিভাগের কর্তৃপক্ষের মুখ থেকে শ্নেছি। এবং একথাও শ্নেছি যে এইসব ছেলেরা শিক্ষা লাভের অযোগ্য, কাজেই তাদের শিক্ষা বিভাগে প্রবেশ করতে না দেওয়াই উচিত। একটা আগে আমার বন্ধ, সাহেদ্যল্লা সাহেব বলেছেন যে নানাভাবে, নানা চক্রান্তে এই কথা প্রমাণ করবার চেণ্টা হয় যে, শিক্ষাক্ষেত্রে অনেক ছেলে শিক্ষালাভের অযোগ্য কার্জেই তাদের জন্য শিক্ষায় বায় করার প্রয়োজন আমাদের নেই। অতএব শিক্ষাক্ষেত্র গাটিয়ে আন এবং শিক্ষাকে কৃণ্ঠিত কর যাতে সেই দিকে আর নতুন লোক প্রবেশ করতে না পারে। একদিকে প্রসারের চেণ্টা চলেছে কিন্তু অন্যদিকে কোন কোন কর্তৃপক্ষের মুখ থেকে জানা যায় শিক্ষাকে কোনরকমে সীমিত করবার চেণ্টাই তাদের মনে আছে। একথা প্রকাশ্যে বলার মত তাদের সাহস নেই তাই ঘ^{রিয়ে} বলেন যে, এইরকম শিক্ষার উপযুক্ত ছাত্র এখানে নেই, ওরকম শিক্ষার উপযুক্ত ছাত্র এখানে নেই। কিংবা হয়ত আমাদের বন্ধ, রেজাউল করিম সাহেবের মত বলবেন "এত টাকা আমাদের নেই"। টাকা নেই, এই কথা আজকে ভারতবর্ষে বলার কোন অর্থ হয় না। টাকার তো হরির লাট হয়.

টাকা বারা না হয় এমন কোন জিনিসই এদেশে নেই। এইভাবে টাকার অপবায় করা হয় অথচ শিক্ষাক্ষেত্রেই কেবল টাকা থাকে না। সেই বৃটিশ আমলের কথা মনে পড়ে যে, যখনই শিক্ষার কথা উত্থাপন করা হোত তখনই বলা হোত, 'টাকা নেই। টাকা দেওয়া চলে না।' শিক্ষার ব্যাপারেই কেবল টাকা নেই কিন্তু অন্য সব ব্যাপারেই তো আপনাদের যথেচ্ছ জগমাথের রথ চলেছে। সেখানে তো আপনারা যদ্চ্ছ অর্থ বৃত্তি করে চলেছেন এবং অপবায় ও চুরির অন্ত নেই। সেখানে তো আপনাদের একবারও বলতে শ্বনি না যে, টাকা বড় কম। কেবল শিক্ষার ব্যাপারেই টাকা নেই একথা আমাদের শ্বনতে হয়। তাই আমি বলব যে, এইভাবে শিক্ষার ক্ষেত্রকে সংকুচিত করার নানা রকম চক্রান্ত চলেছে।।

তারপর শিক্ষার মানদন্তের কথা। আমাদের অপর পক্ষের সরল লোক রেঞ্জাউল করিম সাহেব তো একথা স্বীকারই করেন যে, হাাঁ, শিক্ষার মান অবনত হয়েছে। একথা বলে তিনি আমাকে একট্ব স্ববিধা করে দিয়েছেন ধে, হাাঁ, শিক্ষার প্রসার এখনও আমরা করতে পারি নি অথাং প্রকারান্তরে একথা স্বীকার করেছেন যে যা হওয়া উচিত তা হচ্ছে না। তারপর শিক্ষার মানেরও যে অধাগতি হয়েছে একথা বলে তিনি আমার বন্তব্যকে সরল এবং সহজ্বর করে দিয়েছেন এবং সেই কথাই আমি বলতে চেয়েছিলাম।

[4-30—4-40 p.m.]

শিক্ষার মান দিনের পর দিন কিভাবে অবনত হল, আমরা জানি। কোনদিনই মান **খ্ব** উন্নত করে কতৃপক্ষ তুলতে পারেন নি; অন্ততঃ গত ২০।২৫ বছরের মধ্যে আমরা জানি ক্রমশঃ মান অবনত হাচ্চল। কিন্ত গত ১৫ বছরের মধ্যে শিক্ষাক্ষেত্রে যে কান্ড ঘটল তাতে শিক্ষার মান ক্রমশঃ অবনত ছাড়া আর কিছু হতে পারে নি। শিক্ষার্থীর উপর বিষয়ের পর বিষয় বাড়িয়ে দেওয়া হল, ছেলেদের মাথার উপর বইয়ের পাহাড় চাপিয়ে দেওয়া হল। তাতে প্রকাশকরা কিছু উপকৃত হতে পারে, দু-একজন আমার মত লোক যারা খেতে পায় না দু-একখানা বই লেখে তারাও দু-এক প্রসা উপায় করতে পারে তাও জানি। কিন্তু শিক্ষার কি হল? ছাত্রের কি হল? অভিভাবকের কি হল? সেকথা একবারও চিন্তা করার সময় আপনাদের হয় নি। ছাত্রদের মাথার উপর বইয়ের পাহাড় চাপিয়ে দেওয়া হল অথচ সেই বইয়ের বিষয় ব্রবিয়ে পড়াবে এমন শিক্ষক তৈরী করা হল না। তার আগেই লানারকম সিলেবাস, কারিকুলাম, কোর্স অব ষ্টাভির পাষাণভার চাপানো চলল। পূর্বেকার পাঠপর্ম্বতি বন্ধ করে দেওয়া হল, প্রচলিত শিক্ষা ব্যবস্থাগনুলি বন্ধ করে দেওয়া হল। ঐ শিক্ষাই তাদের পেতে হবে, অগনোতি বিষয়ের বেহিসাবী পাঠ্য যার জন্য কোন শিক্ষক তৈরী হয় নি. দকল তৈরী হয় নি। কর্তৃপক্ষ কোন বাবস্থা নিজেরা করলেন না। একটা অব্যবস্থার মধ্যে ছাত্রদের সপে দিয়ে, শিক্ষকদের সপে দিয়ে আপনারা আশা করছেন শিক্ষার মানদণ্ড অব্যাহত থাকবে? সত্যসতাই শিক্ষা বিভাগের একজন কর্তপক্ষকে জিজ্ঞাসা করেছিলাম, "আপনারা ১১ ক্লাসের স্কুলের শিক্ষার প্রবর্তন করে কি স্ফুল আশা করছেন?" তিনি উত্তরে বললেন. "অনেক সময় আপনি জানেন ভূমিকম্প হয়, শ্লাবন আসে, প্রাকৃতিক বিপর্যায় ঘটে। তাতে অনেক কিছু ধরংস হয়ে যায়। আপনাদেরও সব কিছু ধরংস হয়ে যাবে। তারপর

things will settle down. Nature will take her own normal course.

এভাবেই এই আনন্যাচারাল ল্যান্ড অব এডুকেশন তাঁদের কাছে গ্রাহ্য হয়ে উঠেছে। তাঁদের মতে এভাবে বিপর্যয় চলবে। একটা জেনারেশন বা ১৫ বছর পর্যন্ত এ বিপর্যয় চলবে। তারপর ন্যাচার উইল সেটেল্ ডাউন, আপনা আপনিই একটা কিছু হয়ে যাবে। এই হল শিক্ষার এমন পরিক্রপনা। এর পর শিক্ষার মান উন্নত হবে কি অবনত হবে তা জিল্ঞাসা করাও প্রয়োজন মনে করি না আপনাদের। প্রকৃতপক্ষে শিক্ষার এই অবস্থা, শিক্ষকের এই অবস্থা, তাঁর মাইনের কথা বলতে গেলাম না, প্রয়োজনও নেই, এমনি এখন শিক্ষাথীরিও অবস্থা।

অথচ মধ্য শক্ষাই হচ্ছে জাতি সংরক্ষণের পক্ষে অপরিহার্য। আমি প্রাথমিক শিক্ষাকে সব চেয়ে বেশী গ্রের্ড্ব দিই, তারপরই মধ্য শিক্ষা। বিশেষ করে জর্বী অবস্থা একথা প্রমাণ করে দিয়েছে মধ্য শিক্ষা হল সেই জিনিস যেখান থেকে প্রতিরক্ষার প্রয়োজনে সব রকম লোককে পেতে গারি। যারা জাতিকে রক্ষা করবে, জাতিকে গঠন করবে, মধ্য শিক্ষার মধ্য দিয়েই সে লোক

বেরিয়ের আসবে। যারা টেকনিক্যাল এবং অন্যান্য দিকে যাবে, ছোট-বড় নানা জিনিসের চালনার চলে যাবে যারা, মনস্বী হয়ে উঠবে টেকনিক্যাল কলেজ-এর মধ্য দিয়ে ক্লমে, কিংবা অন্য খানে উত্তবীর্ণ হবে, সব দিক থেকেই মধ্যাশিক্ষাই হছে সেই কেন্দ্র যাকে কেন্দ্র করে জাতি দাঁড়িয়ে থাকে। যতক্ষণ পর্যান্ত না জাতিকে সম্পূর্ণ করে গঠন করা যায় সার্বজনীন শিক্ষা সম্পূর্ণ করে, ততক্ষণ পর্যান্ত মধ্যাশিক্ষাকেই ভালো করে গঠন করতে হবে। সেদিক থেকে জর্মী অবস্থায় এটাই সবচেয়ে বড় কাজ। কিন্তু এই মধ্যাশিক্ষার মের্দান্ডটিকে সম্পূর্ণ ভাণ্গবার ব্যবস্থা করা হয়েছে গত ১৫ বছর থেকে। এ বিলের মধ্য দিয়ে তা কোন রক্ম শোধরাবার কোন ব্যবস্থা তো নেইই, বরং যে ব্যাধি আছে তাকে চিরস্থায়ী করা হছে। সেই ভাণ্গা মের্দান্ডকে আরো ভেন্গে দেওয়া হোক, ব্যবস্থা আরও কদর্য হোক, আরও জটিলতা উৎপাদন করা হোক, এই হচ্ছে একমান্ত উপায় যা দেখতে পাচ্ছি এই বিলের মধ্যে আছে।

পাঁচ বছর পর বিলের যে অবস্থান্তর ঘটেছে তাতে ব্যবস্থাটা আরও খারাপ হতে যাছে। আপনারা যে মধ্যশিক্ষা পর্ষণ গঠন করেছেন ব্যাখ্যা হিসাবে কেউ কেউ বলেছেন সেজন্য আমরা মুদালিয়র কমিশনের কথা মেনে নিয়েছি, আমরা দে কমিশনের কথাও নিয়েছি, সাজেন্ট সাহেবেরও স্বাক্ষর নিয়েছি। সবই নিয়েছি, কিন্তু আপনারা যে কি রকম তা নিয়েছেন সেটা অনিলা দেবী পরিষ্কার করে বলেছেন। কোনটারই দিপরিট আপনারা গ্রহণ করেন নি। আক্ষরিক অর্থে নিয়েছেন এখান থেকে দ্ব লাইন, ওখান থেকে দ্ব কথা। এই কাগজটিকে মাঝামাঝি ছি"ড়ে এই প্রথম প্রফার অধাংশের সংগ্য ঐ ১৩ প্রফার অধাংশ জ্বড়লেন, ৪থ প্রফার সংগ্য এই ১৭ প্রতা জ্বড়লেন, এতে করে মুদালিয়র কমিশনের কিছু নেওয়া হল, দে কমিশনের কিছ্ম নেওয়া হল, সাজে ন্ট সাহেবেরও কিছ্ম নেওয়া হল। আসলে হল কি? একটা অর্থহান কাজ। হল না যা হওয়া প্রয়োজন ছিল। যাকেই নিন তার স্পিরিটটা গ্রহণ কর্মন। দেশের মধ্যে স্কুলে যে স্পিরিট, অনুমোদন করে সেই স্পিরিট গ্রহণ করে, তার মূলগত তাৎপর্য গ্রহণ করুন। সর্বসাধারণের সংখ্য বোর্ড-পরিচালকদের যেত্র স্থাপন করার মত অবকাশ সূচি করন। সেখানে শিক্ষিত লোক যাতে শিক্ষার দায়িত্ব গ্রহণ করবার মত অবকাশ পায় সেই অবকাশ স্থিত কর্ন। দেশের শিক্ষাকে ব্যাপক করতে হলে, দেশের শিক্ষাকে উন্নত করতে হলে—যে কথা কলকাতা বিশ্ববিদ্যালয় বলেছিল ক' বছর পূর্বে, আমরা বার বার তার জন্য আবেদন-নিবেদন করছি,—শিক্ষাক্ষেত্রে যে বিপর্যায় উপস্থিত হয়েছে তাতে এ সম্বন্ধে সকলের সঙ্গে পরামর্শ করা, তাদের মতামত বিবেচনা করা, সর্বাগ্রে প্রয়োজন। আমরা এই কাউন্সিল থেকে নিবেদন করছি যে শিক্ষিত লোকের কনভেনশন বা সম্মেলন ডাকা হোক। তারপর তার থেকে কমিটি গঠন করে কতকগুলি প্রস্তাব স্থির কর্ন। করে আপনাদের যে কতকগুলি প্রোপোজাল তা গ্রহণ করে দেখান যে তা কতটা কার্যকরী করা যেতে পারে। আজ বলা যেতে পারে সতাই এখন যে সংকট সেই সংকট শিক্ষা সংকট শৃধ্য নয়, সেই সংকট শিক্ষা সংকটকে ছাপিয়ে জাতীয় সংকটকে আরো গ্রেতর, আরো জটিলতর করে তুলবে, এই অবস্থার আমর গিয়ে পে^ণছেছি। উচিত ছিল সেই সংকটকে বিদ্যুৱিত করবার জন্য সমুস্ত জাতির শিক্ষিত লোক, সংস্কৃতিবান লোককে ডেকে তাঁদের সঙ্গে পরামশ[ে] করা।

আমি আর বিশেষ বলবার জন্য আগ্রহান্বিত নই। আমি জানি যে আপনারা এর কোনটাই করতে চান না। সতাই একটা খাঁটি কথা বলেছেন রেজাউল করিম সাহেব যে অবিস্টিনেসি হাজি নট বিন কংকার—ঠিক। ৫ বছর আগে হয়় নি, ১০ বছর আগে হয়় নি, আজও হবে না। এই অবিস্টিনেসিকে কেউ কংকার করতে পারে না একথা আমার বেশ ভাল করে জানা আছে। এই প্রসপ্যে আমার বলার কথা হচ্ছে, এইভাবে শিক্ষার বিপর্যয়ের কি ফল হয়েছে? এর একটা ফল আমরা জানি যে, আজকের দিনে পণ্ডিত নেহর্বর নাতি যেমন ইংরাজী স্কুলে পড়তে যায়. তেমনি ২০০ টাকার কেরাণী যে সেও তার ছেলেমেয়েদের নিতান্ত আশায় বাধ্য হয়ে কতকগ্রিলি ফিরিজিগ স্কুলে পাঠান পড়বার জন্য। সেখানে অনেক বেতন দিতে হয়়। আমার ধারণা, আমাদের যে সমস্ত সাধারণ স্কুল সেগ্লি বেতন পায় না, সাহায্য পায় না, তাদের চেয়ে ফিরিজিগ স্কুলে হয়ত কিছ্ব উয়ত শিক্ষা হতেও পারে। কিন্তু একথা জেনেছি, শিক্ষার জন্য সেথানে তারা ছেলেমেয়েদের পাঠান না। সেখানে তারা যায় স্ন্ব ভেল্ব অব ইংলিশ-এর জন্য। তাদের পত্র-কন্যা, আপনাদের পত্র-কন্যা, কিংবা পণ্ডিত নেহের্বর নাতিরা ইংরেজ্বী স্কুলে গিরে

ইংরেজী শিখে, ইংরেজীতে দ্ব'কথা বলে যেমন কভেনেদেটভ সার্ভিস-এর উচ্চপদে, বা ডিপেলার্যাটিক সার্ভিস-এর শীর্বস্থানে যাবে, তেমনি গরীব কেরাণীও এই স্বশ্বন দেখে যে, তার
ছেলেকেও ঐ স্নব ভেল্ব অব ইংলিশ—ইংরাজীর দ্ব'পাতা আরত্ব করিয়ে দিলেই হয়ত কোন
রকমে সেও কোভেনেদেটভ সার্ভিস-এর ছোট রক্মের কেরাণী না হয়ে ছোট সাহেব হয়ে বসতে
পারবে। জাতির স্বশ্বন আজ এখানে এসে ঠেকেছে। আমি জানি ২ শো টাকা কি ৩ শো টাকা
মাইনের সামান্য একজন লোক এইভাবে তার ছোট একটা বাচ্চা ছেলের জন্য সেকেন্ডারী এডুকেশন শ্ব্দ্বন নয়. প্রাইমারী এডুকেশনের বেলায়ও ৩৫।৪০ টাকা মাসে খরচ করতে বাধ্য
হন। এই রকম সংকটেই শিক্ষাব্যবস্থা এসে দািড্রেছে।

এই রকম শিক্ষার অসাধ্য ব্যার বৃদ্ধির কথাও ভাবতে হয়। স্যার, গলেপ শ্বেছি যে, স্যার গ্রেদাস বলেদ্যাপাধ্যায় বলেছিলেন, আশ্বেতাষ মুখাজী মহাশয় যথন ভাইস-চ্যান্সেলর ছিলেন তথন, যে. "আশ্বর আমলে যদি জন্মগ্রহণ করতাম তাহলে আর আমার পড়াশ্বনা হত না।" আমি জানি আমি যে আমলে জন্ম গ্রহণ করেছি সেই আমলে জন্ম গ্রহণ না করে আজকে যদি জন্মগ্রহণ করতাম, তাহলে একাল্লবতী পরিবারের বহু ছেলেমেয়ের একজন মাত্র আমি, আমারও শিক্ষা লাভের সোভাগ্য হত না। অধ্যক্ষ মহাশয়, আপনাকে বলতে পারি আর একজন লোকের কথা, আমি জানি, যিনি অনেক সময় আমাদের এই কথা সমরণ করিয়ে দিয়েছেন, তার নাম ডঃ স্নীত কুমার চট্টোপাধ্যায়। তিনিও বাধে হয় বলবেন, আজকের দিনে জন্মগ্রহণ করলে তার ভাগ্যেও শিক্ষা লাভ জ্বটত না। এমনই শিক্ষার স্ব্বাবন্ধা হয়েছে। কারণ, তাঁরা তিন ভাই যে কি করে সিল্স ফ্রি স্কুলে পড়তে যেতেন সেকথা এখনও তিনি অনেককে বলেন। কাজেই বলতে গারি এই আমলে জন্মগ্রহণ করলে ডঃ স্ব্নীতিকুমার চট্টোপাধ্যায়ের ভাগ্যেও আর শিক্ষা জ্বটত

আমার শেষ কথা হচ্ছে অবিন্টিনেসি হ্যাজ নট ইয়েট বিন কনকার্ড —আমি তা জানি। এখন সেই অবিন্টিনেসির ফল কি হয় করিম সাহেব তাঁর পক্ষীয়দের জানিয়ে দেবেন। এই রকম অবিন্টিনেসি ছিল তাঁদের যাঁদের সম্বশ্বে বলা হয়েছে

They can neither change, nor unchange themselves. They can neither learn nor unlearn anything.

এটা খ্ব বড় কথা। ব্যেশী রাজাদের সংশ্যে আমাদের এখানকার মন্ট্রীদের এবং তাঁর পক্ষীয়দের তুলনা করা চলে না। কিন্তু কথাটা খ্ব খাঁটি কথা। এই বিলের দিকে যতই তাকিয়ে দেখা যায় এটা ৫ বছর আগেকার বিল নয়, আর সে বিল ছাড়াও কিছু নয়। সেই ফরাসী উক্তিটা ততই দেখা আমার মনে পড়ে যার বাংলা দাঁড়ায় এই, "যতই বদলায় তব্ব একই থাকে", যতই বদলাক সেই একই আছে, এই হচ্ছে আমাদের এই বিল।

[4-40-4-50 p.m.]

Shri Promotho Nath Bisi:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে শিক্ষামন্ত্রী মহোদয় যে বিল এখানে উপস্থাপিত করেছেন সেই বিলকে সমর্থন করবার জন্য আমি দাঁড়িয়েছি কিন্তু এই সামান্য একট্বখানি বিলে যে এত জল ছিল এবং সেই জল যে এত ঘোলা করা যায় বিরোধী পক্ষের সদস্যদের কুপায় তা আজ শিখলাম। আমি এক্ষেত্রে নবাগত, এখনও অনেক কিছ্, শিখতে বাকী আছে। বাস্তবিক গোড়াতে আমার কিছ্, বন্ধব্য ছিল না কিন্তু সদস্য মহোদয়দের বন্ধৃতা শ্নতে শ্নতে অনেক রামায়ণ-মহাভারত মনে পড়েছে। যা হোক, আমি যতদ্র সম্ভব সংক্ষেপে বলার চেণ্টা করবো। এই বিল সমর্থন করবার জন্য আমি উঠেছি এবং এই বিলকে রাজনীতিবিবর্জিত একটা উদার ভিত্তির উপর দাঁড় করাবার চেণ্টা হয়েছে কিন্তু দেখা যাছেছ যে বিরোধী সদস্যগণ, নানা দলের ছাঁরা আছেন, তাঁরা সকলেই এক্ষেত্রে একমত যে তাঁরা এটা স্বীকার করতে রাজী নন। বিলটা পড়ে আমার যে রকম মনে হয়েছে তাতে ২।১টা খং আমার চোখে পড়েছে—সেটা সরকার পক্ষের অনবধানতা হতে পারে কি আমার ব্রুববার ভুল হতে পারে। সেগ্রাল আমি বলছি, যদি সম্ভব যে সেগ্রাল পরিবর্তন করতে পারেন কিন্তু তাতে করে বিলের সাকুলা র্পের কোন ক্ষতি হছে বা যেমন বলা হয়েছে বোর্ডর গঠনে পশ্চিমবাংলার সমস্ত বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি আছেন, কালী অতি বিলিধ বাধা উচিত নয়, কেন নয় আমি জানি না। বিশ্বভারতীর আছে,

346

কল্যাপীর আছে, বাদবপ্রের আছে—রবীন্দ্র ভারতীরও থাকলে ভাল হত। আর একটা ক সাহিত্য শিক্ষা, বিজ্ঞান প্রভৃতি যাকে স্ট্রিম বলা হয় তাদের প্রতিনিধি এই বোর্ডের ভেতর আছে আমার যতদরে মনে হচ্ছে কমার্স স্ট্রীমের কোন প্রতিনিধি এখানে নেই—এ রকম প্রতিনিধি গ্রা উচিত। সমীচীনতা মল্বী মহাশয় বিচার করবেন। সদস্যদের ডিসকোয়ালিফিকেশন সম্ব আলোচনা করা হয়েছে—এটা উচিত যে যাঁরা টেক্সট বই রচনা করেছেন তাঁদের থাকা উচিত ন ঠিকই কারণ এই সূত্রে, রন্ধে নানারকম দুনী তি প্রবেশ করে কিন্তু এক্স-অফিসিও মেন্বার _যি তাদের মধ্যে যদি কেউ টেক্সট ব.ক রচনা করে থাকেন এমন তো হওয়া সম্ভব, তাহলে তাঁচে ক্ষেত্রে কি হবে এটা চিন্তা করে দেখা উচিত। সিলেবাস কমিটিতে রবীন্দ্র-ভারতী এবং _{বিদ} ভারতী দুইয়েরই প্রতিনিধি থাকা উচিত কারণ আর সমস্ত বিশ্ববিদ্যালয়ের বা এই সফ প্রতিনিধিস্থানীয় যে সমুহত সংস্থা আছে তাঁদের প্রতিনিধি আছেন। কাজেই বিশ্বভারতী রবীন্দ্র-ভারতীরও থাকলে ভাল হয় বলে মনে হয়। একটাকু হচ্ছে গিয়ে আমার তথ্যগত আলোচনা এর মধ্যেই সীমাবন্ধ। এর পরে যেটা আসল বন্তব্য সেটা হচ্ছে নীতিগত আলোচনা এই নীতিগত আলোচনায় দেখা যাচ্ছে যে বোর্ডের যে গঠন সেই গঠনের নীতি নিয়ে এখা যা কিছু মূল বাদ-বিসম্বাদ, অর্থাৎ সেই বোর্ডের গঠন মনোনয়নমূলক হবে, না নির্বাচনমূল হবে? আমি যদি বিরোধী পক্ষের সদস্য মহোদয়দের মনোভাব বুঝে থাকি—সব সময় বোব সম্ভব নয় কারণ ভাষা তৈরী হয়েছে মনোভাব গোপন করবার জন্য—একজন মহামতী পুরু বলেছিলেন—তাতে বোঝা যাচ্ছে এই যে মনোনয়নমূলক বোর্ড সেটা তাঁদের পছন্দ নয়, তাঁরা চা নির্বাচনমূলক, অন্ততঃ প্রধানতঃ নির্বাচনমূলক বোর্ড। এক্ষেত্রে তাঁদের সঙ্গে আমি এক্ষ হতে পারছি না কারণ শিক্ষাক্ষেত্রে নির্বাচনের মত সর্বনাশা নীতি আর নেই। শিক্ষা সম্বঢ় সকলেই এবং বিশেষ করে আমার বন্ধ, গোপাল হালদার মহাশয় বলেছেন যে গত ১৫ বছ **শিক্ষার মান নিন্ন থেকে নিন্নতর হয়েছে। একথা মানতে আমি রাজী নই এবং এই বিষয় নি এখন আলোচনা করব না কেননা এটা তার ক্ষেত্র নয়।** যা হোক, আমার ব্যক্তিগত মত যদি আলাদা কিন্তু তকের খাতিরে যদি ধরেও নিই যে বাংলাদেশের শিক্ষার মান নেমে পড়েং তাহলে তার প্রধান কারণ হচ্ছে শিক্ষার মধ্যে নির্বাচন প্রথা আরোপিত হয়েছে। ब्रत्थ সর্বনাশের বন্যা ए.কেছে, দলাদ ेल, রেষারেষি চলছে এবং গোপাল হালদার মহাশয় বলেছে জবারি, স্নবারি, পার্জারি এই সমস্ত ঢ**ুকেছে** এবং ব্যবসা পর্যন্ত ঢুকেছে। এই নীতিবে সমর্থন করা ডচিত নয় এবং এমন কি দলীয় স্বার্থের থাতিরেও নয়। স্যার, দেখা যাচ্ছে দেশে ম্বার্থ সম্বন্থে বিরোধী পক্ষের সদস্যগণ অতিশয় সচেতন কাজেই আমি তাঁদের শভেব্^{নিখ্} কাছে মিনতি করে বলছি যে আর যেখানেই হোক নির্বাচন প্রথাকে এখানে প্রবেশ করান উচিং নয় কারণ এই জিনিস প্রবেশ করায় ফল খারাপ হয়েছে। আমাদের এখানে বহু শিক্ষক আছে এবং আর যাঁরা আছেন তাঁরা শিক্ষক না হলেও সকলেই অভিভাবক বা দর্শক হিসেবে শিক্ষা সঙ্গে সম্পর্কিত আছেন। কিন্তু কথা হচ্ছে মনোনয়নমূলক যে বে:র্ড সেটা তার কর্তবা সমাধ্য করতে অপারগ এটা আমি ভাল করে ব্রুতে পারলাম না। ভূল সকলেই করতে পারে গর্ভা মেন্টও ভূল করে এবং বিরোধী পক্ষের সদস্যগণও আশা করি একথা স্বীকার করবেন যে তাঁরাও ভুল করেন। কাজেই মনোনয়লম লক বোর্ড যেমন ভুল করতে পারে ঠিক তেমনি নির্বাচনম লক বোর্ড ও ভুল করতে পারে। কিন্তু মনোনয়নমূলক বোর্ড শিক্ষার সমস্যা সম্পর্কে কোন নী^হ নিধারণ করতে অক্ষম হবেন একথা মানতে আমি রাজী নই। আমার বাইরে যাবার দরকার নেই এখান থেকেই একটা উদাহরণ দিচ্ছি। এখানে অপর পক্ষের যাঁরা বক্ততা করেছেন তাতে ^{আফি} যতদরে জানি তাতে দেখছি নরেনবাব, এবং যতীনবাব, শিক্ষক নন। কিন্তু তাঁরা যে রক্মভাব নিপ্রণতার সংগে শিক্ষা সমস্যার ক, খ থেকে আরুভ করে ষ, র, ল, ব, হ পর্যন্ত আলো^{চনা} এবং বিশেলষণ করলেন তাতে সেটা যদি তাঁদের মত যাঁরা শিক্ষা বিষয়ে সম্পর্কিত নন তাঁদের ^{পরে} করা সম্ভব হরে থাকে তাহলে যে সমস্ত ইন্সপেক্টররা বা ডিন্ ওখানে গিয়ে বসছেন তাঁরা ^{তা} পারবেন না কেন? গভর্নমেন্ট কর্তক প্রেরিত হয়েছেন বলেই কি পারবেন না?

14-50--5 p.m.]

এ রকম মনে করার কোন কারণ নাই। কাজেই বরণ্ড দেখ্ন ভালর দিকে হচ্ছে ^{এই গু} নির্বাচন প্রথা থেকে দ্বেরু থাকতে হবে। (নয়েজ) আগে আমার ওিপিনিয়নটা শ্নেন। সভাপশি মহাশর, আপনার কাছে নিবেদন, যদি আমাকে ওঁরা ব্যাঘাত সৃষ্টি করেন তাহ*লে* এ স^{কর্ম} প্রদের পক্ষের সময় থেকে যেন নেওয়া হয়, আমাদের ৯ ঘণ্টা সময় থেকে যেন কাটা না হয়।
কিথা বারন্বার বলা হয়েছে গোপাল হালদার মহাশয় বলেছেন এবং সকলেই বলেছেন যে গত
় বছর ধরে শিক্ষার মান নিন্দ থেকে নিন্দাতর হয়ে পড়েছে। এটা আমি ব্যক্তিগতভাবে মানি
না, তবে বলেছেন যথন তথন ধরেই নিচ্ছি তাই। কিন্তু কেন? আপনি ভাবিয়া দেখ কার ঘর কর।
ত ১৫ বছর ধরে দি কমিউনিন্দট পার্টি অব ইণ্ডিয়া বাংলাদেশের শিক্ষা জগতের উপর ভর
য়য়ছে, একেবারে বাংলা শব্দে যাকে ভর করা বলে সেরকম ভর করেছে। কেন করতে গেল?
য়য় রঙগ একটা বৃহৎ ইতিহাস জড়িত। গত ১৫ বছর ধরে শ্নতে পেয়েছেন তারা বলে
য়য়ছে ওয় কার্স অব দি ওয়াল্ড ইউনাইট। সেরব ধনি গেছে। এখন কমিউনিন্দট আন্দোলন
য়টা মধ্যবিত্ত আন্দোলনে পরিণত হয়েছে এবং রুমে তারা ক্ষীয়মাণ পরিধি আনতে আনতে
মাদের নৃত্ন কচি ছেলেদের কচি মাথার উপর ভর করেছে। তার ফল কি অন্যতম কারণ নয়?
য়া কারণ না হতে পারে, একমাত্র কারণ না হতে পারে একবার মনে করে দেখন এটা কি
ইনরিটি কারণ নয়? কিছু তো কন্সাইড কর্ন। একটা কারণ এই যে এই বিশেষ ধরণের
লিটিকস্ক তার ফলে হয়েছে।

এবার আমি সিলেবাস কমিটির কর্তব্য সন্বন্ধে দ্ব-একটা কথা বলতে চাই। ছাত্রদের ভবিষাং 🗊 করবার জন্য পাঠ্য প্রেতক নির্বাচিত হচ্ছে ঠিকই কিন্তু কথা হচ্ছে যে, এ সম্বন্ধে সিলেবাস মিটি যদি খাব সচেতন না হয় তাহলে তাদের প্রশস্ত হস্তে তামাকু সেবন করে যাবার মত নাকের অভাব হবে না। (এ ভয়েসঃ চীন প্রবেশ করবে) চীন হোক, অর্বাচীন হোক, সমীচীন নক সকলেই প্রবেশ করতে চাইবে যে হস্ত প্রশৃষ্ত করে দেওয়া হয়েছে। অপর পক্ষ থেকে কটা উদাহরণ পঠিত হয়েছে যেগর্বলি সরকার পক্ষ থেকে সতাই চিন্তা করা উচিত। সরকার ্র্ত্ব প্রকাশিত বইয়ে, সর্ব্বার কর্ত্ব সম্বালত বইয়ে কেন এরকম ঢোকে? কিন্তু শুধু সর্ব্বার র এখানে দ্ব-একটা উদাহরণ পড়ে শোনাতে পারি যে কি রকম স্বকৌশলে এটা হচ্ছে। "চন্দন-গর সরকারী কলেজের প্রশ্নপত্রে দেশদ্রোহিতা শিক্ষা" এই হেডলাইনটার উপর কিছু গ্রেড্র নবেন না কিন্তু ১৭।১।৬৩ তারিখে জনসেবক কাগজে সেটা বেরিয়েছিল, বিস্তারিত পাঠ ত্তব্যর প্রয়ে জন নাই, এটা আমার স্বকপোলকদ্পিত কিছু নয়, পড়ে নিতে পারেন। (নয়েজঃ দুন পড়ুন) পড়তে আমার আপত্তি নেই কিন্তু সময় এভাবে চলে গেলে আসল বন্তব্য বলা 📆 ম্মিকল হবে। এ ব্যাপারটা মধ্যশিক্ষার সঙ্গে সরাসরি যোগ নাই বলে সেটা এখানে র পড়ছি না। ২২।১।৬৩ তারিখে আনন্দবাজারে একটা সংবাদ বেরিয়েছে শ্রীরামপ্রের বাদ, পলতা থানার আথলা ইউনিয়নের একটা উচ্চ বিদ্যালয়ের দূজন শিক্ষককে ভারত রক্ষা ইনে গ্রেণ্ডার করা হয়েছে বলে জানা গিয়াছে। প্রকাশ যে তাঁহারা দ্বুলের বার্ষিক পরীক্ষায় তম গ্রেণীর ইতিহাসের পশ্নপত্রে চীন সম্পর্কে এর প কয়েকটি প্রশন দেন যাহাতে সরলমতি শ্মনে চীনের অনুকূলে প্রভাব বিস্তার হওয়ার আশত্কা করা যাইতেছে। এটা নতুন কিছু া কয়েকদিন আগে হাওড়া জিলা দকুলের প্রশনপত্তে এরকম প্রশন ছিল। বেলঘরিয়াতেওচা…… জান্ত ইন্টারাপসানঃ প্রশনগুলি পড়ান)। পড়ে শোনাতে হবে? প্রয়োজন হলে আমি ^{ভাপতি} মহাশয়ের কাছে দিতে পারি।

Shri Satya Priya Roy:

^{ামি স্যার} জানি হ্বয়েন সাং কে ছিল এই প্রশ্ন দেওয়া হরেছিল।

Bhri Promotho Nath Bisi:

^{নাদের} জানা থাকতে পারে।

Shri Copal Halder: On a point of order Sir,

ার যতদরে জানা আছে আপনারাও স্যার লেখা আছে প্রাচীন চীনের শিক্ষা সংস্কৃতির কাছে
বর্ষ কি কি শিক্ষালাভ করেছে, অনুগ্রহ করে সেগ্লো এর সঞ্জে জুড়ে দিতে পারেন
কে?

Mr. Chairman: That is a different matter. I still have such news ut it. That has no bearing on the subject matter.

Shri Gopal Halder: Unless we know what was the actual question the language of the question, spirit of the question, we cannot Judge. It is my point.

Shri Promotho Nath Bisi:

নিশ্চরাই নয়। আমি সংবাদপতে যেট্রকু পড়েছি শর্ধ্ব সেট্রকুই বলেছি, তার বেশী দায়িত্ব ত নেই।

Shri Gopal Halder:

এটা সংবাদপত্র না বিসম্বাদপত্র?)

That is a matter of opinion.

এখন বিরোধী পক্ষের বেঞ্চালিতে অনেক সদস্য বসে রয়েছেন। কিন্তু তাঁরা সবাই এক নন রাজনৈতিক দল হিসাবে। এখানে আমার বন্তব্য হচ্ছে এই যে, এই বোর্ডকে যে মনো মূলক করা হয়েছে, নির্বাচনমূলক করা হয় নি সেই ক্ষোভের আসল কারণ হচ্ছে সেখানে দ রাজনীতির প্রবেশের দরজা উন্মন্ত রাখা হয় নি এবং দলীয় রাজনীতি বলতে যে বিশেষ ধ রাজনীতি বোঝায়—যেমন, একটা উদাহরণ দিই এ বি টি এ নামে একটা শিক্ষক সংস্থা য এ বি টি এ হচ্ছে জাত সম্ন্যাসী, পেশা জমিদারী অর্থাৎ নামে শিক্ষক কিন্তু কাজে তাঁরা ব এবং রাজনীতি করেন। (এ ভয়েজ ফ্রম অপোজিসন বেণ্ডঃ কোশ্চেন!) নানা রকমের কে হবে। এ বি টি এ টেস্ট পেপার বের করেন, সেই টেস্ট পেপার সম্ধিক বিক্রিত হয়. আপত্তি নেই। কিন্তু দুন্ট লোকে একথা বলে যে, অনেক স্কুলের শিক্ষকরা, সবাই তা পারেন না. ঐ টেন্ট পেপার কেনবার জন্য ছেলেদের উপর চাপ দেন। ঐ টেন্ট পেপার। তাঁরা প্রশ্ন দিয়ে থাকেন। (ভয়েস ফ্রম অপোজিসন বেণ্ডঃ এটা সত্য লোকে বলে, সত্য নাও হতে পারে। আমি কোন স্কুলে গিয়ে দেখি নি। সত্য-মিথ্যা আপন **জানবার কথা। তবে দুল্ট লোকে বলে অনেক শিক্ষক আছেন তাঁরা পড়াবার সম**য় ক্লাসে দেশের নিন্দা করবার স্থোগ পেলে সেই স্থোগ সবলে গ্রহণ করেন, বিশেষ করে যদি এ রাজনীতি কি অর্থনীতির কথা উঠে তবে তো স্বর্ণ স্বযোগ হয়ে যায়। (শ্রীসত্যপ্রিয় নাম বল্বন দ্ব-একটা।) কত নাম বলব? নাম বলতে গেলে নামাবলী গায়ে দিয়ে আসতে এক-আধটা নাম বললে তো চলবে না। তারপর, এমার্জেন্সির কথা, ডেমোক্র্যাসির কথা সব বেশী বলেছেন আমার বন্ধ, সত্যপ্রিয় বাব,। যদি আর কোন প্রমাণ হাতে নাও থাকত তা সেই অন্ধকারে বলে দিতে পারতাম এই যে ডেমোক্র্যাসির দোহাই ক্রেসির দোহাই দিয়ে ডেমোক্র্যাসির মুক্তপাত এটা হচ্ছে কমিউনিস্টদের চিরা **নী**তি। আর জাতীয় সঙ্কট—জাতীয় সঙ্কট সম্বশ্বেধ বছর চলতে পারে। আরো যাঁরা জানেন তাঁরা বলেছেন যে ২০।২৫ চলতে পারে। রেজাউল করিম সাহেব যা বলেছেন যদি ১০।১৫ বছর চলে হলে কি ততদিনের জন্য এই বিল স্থাগত থাকবে? এ হতে পারে না। আর জাতীয় সং কারণ কি? সংকট যে সংকটতর হয়ে উঠছে সে কি কমিউনিস্ট পার্টির নীতি—কেউ করে বলতে পারবে না! কিন্তু কথা হচ্ছে জাতীয় সংকটের একটা কারণ হচ্ছে. কমিউনিস্ট এবং সাধারণতঃ লোককে বাইরে থেকে আক্রান্ত হলে বহিরাগত শত্রকে রোধ করতে আমাদের বাইরে, ভেতরে সর্বত্র শত্র। এই অবস্থায় এমার্জেন্সির দোহাই দেওয়া তাঁদের সাজে না। তবে তাঁরা বলেছেন যে, এ বি টি এ-এর সঙ্গে কমিউনিস্ট পার্টির কোন নেই। এক্থা সত্য হলে খুব আন্দেদর কথা। কিন্তু জিজ্ঞাসা করি তাঁরা যে চীনেব মূলক একটা প্রস্তাব গ্রহণ করেছিলেন সেটা সি[°]পি আই গ্রহণ করার পরে. না, ^হ (শ্রীসত্যপ্রিয় রায়ঃ বহু আগে। প্রাইম মিনিস্টার চিঠি পাঠিয়েছেন।)

[5—5-10 p.m.]

আমরা সম্ভবতঃ তা জানি না। স্যার, এই সময়গর্দা আমাদের ৯ ঘণ্টা থেকে কাটবে ধ্রুদের ১৯ ঘণ্টা থেকে কাটবেন। (হটুগোল) রোজেনবার্গ দম্পতির মৃত্যুদণ্ডের প্রতিবাদ এ বি টি এ থেকে কেব্ল করা হয়েছিল।

Shri Satya Priya Roy:

া হয় নি। বাইরে গিয়ে যদি বলেন তাহলে সেদিনই আপনাকে কোর্টে নিয়ে যাবো।

Shri Promotho Nath Bisi:

দ্যা তো উভয়ত খাটে, আমি যা সত্য যখন জানি তা বলছি। যেভাবে এই বিলকে বানচাল ব্বার একটা ব্যর্থ চেষ্টা হচ্ছে সে সম্বন্ধে আমার যা বন্তব্য তা আমি বলছি। এই এ বি টি এ কমিউনিস্ট পার্টির একটা বেনামদার সংস্থা সে সম্বন্ধে কোন সন্দেহ নেই। তবে সব কথা মাণ করা চলে না, অনুমান করা চলে। অনুমানযোম্য বিষয় নিয়ে কথা বলছি।

Shri Copal Halder: On a point of order. Sir,

ो ঠিক হচ্ছে কিনা সেটা জানতে চাই।

Shri Santosh Kumar Bhattacharyya: Sir, is it relevant in discussing his Bill?

Shri Mohitosh Rai Choudhuri:

श वलाइन, अकरें, भन पिरा भानान ना। (शर्वेशाल)

Shri Promotho Nath Bisi:

ওারা প্রসংগতা সম্বন্থে সন্দেহ প্রকাশ করেছেন কিন্তু এই এ বি টি এ নামক শিক্ষক সংস্থার দর্প নিণীত না হওয়া পর্যন্ত এই বিলের সঙ্গে তাঁদের কি সম্বন্ধ, এই বিলের সদ্বন্ধ তাঁদের কি সম্বন্ধ, এই বিলের সদ্বন্ধ তাঁদের কোন বিরোধিতা, সে তো প্রকাশ করা যায় না। কাজেই আমাকে দ্বঃখময় কাজটা করতে হল সকলে যখন একথা মনে করে। কাজেই সেদিক থেকে বিচার করা যায় য়ে এই বিল সমর্থনিযোগ্য তো বটেই কিন্তু কিছু কিছু যে কথা আমি বলেছি, আপত্তি তুলেছি সেই আপত্তির ব্যাপারগালি হচ্ছে এই যে, সিলেবাস কমিটিকে পূর্ণ সচেতন হতে হবে এবং পাঠ্য প্রস্কৃতকে এমন সমস্ত রচনা দিতে হবে যা বিশেষভাবে দেশের উন্নতি সম্বন্ধে যা করা হয়েছে তার বর্ণনা থাকবে, দেশের সংহতি সম্বন্ধে যা চিন্তিত হয়েছে তার বর্ণনা থাকবে এবং দেশপ্রেম যাতে বৃদ্ধি করা যায় সেই রকম জিনিস থাকবে। এইট্রুকু সামান্য যে একট্রখানি খাইং আমার চোথে প্রভেছে সেট্রুক বলে আমি এই বিলকে স্বর্ণান্ডঃকরণে সমর্থন করলাম।

Mr. Chairman: I told some of the members that I intended to carry on up to 6 o'clock today, otherwise we shall not be able to deal with all the amendemnts. I wanted to finish the first reading to-day. There are 4 more *peakers. So, let us carry on. Now, Shri Bejoy Behary Bose.

Shri Satya Priya Roy:

অজকে স্যার, **এখানেই শেষ করে দিন।**

Mr. Chairman: There are 28 minutes left to the Opposition and 36 minutes to the Government side and there are two speakers on each side.

Shri Bijay Bihary Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৫৪ সালে এই বোর্ডটা বাতিল হয়ে যাবার পর দেশের সর্বপ্র সকল শিক্ষিত সম্প্রদায় এবং শিক্ষা প্রতিষ্ঠান একটি স্মৃচিন্তিত এবং স্মৃপরিকল্পিত মাধ্যমিক শিক্ষা বিল অনবার জন্য সরকারের ক'ছে আবেদন জানিয়েছে। কিন্তু এবারে যে মাধ্যমিক বোর্ড বিল এখনে উপস্থাপিত হোল তাতে দেশবাসী মোটেই সন্তুষ্ট হন নি। তাঁরা আশা করেছিলেন মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে যে সমস্ত বিপর্যয় এসেছে এবং গুর্টি-বিচ্যুতি ঘটেছে সেগ্নলি সব এই বিলের কারা সংশোধিত হবে। কিন্তু আমরা জনসাধারণের সপ্যে আলোচনা করে দেখেছি যে এই বিল সেইসব গ্র্টি-বিচ্যুতি দ্র করবার কোন বাবস্থা করে নি। যা হোক, এই বোর্ডের গঠন এবং শক্তি নিয়ে মোটাম্বিট আলোচনা চলে। এই বোর্ড যেভাবে গঠিত হয়েছে সেই গঠন শবন্ধে আমার বন্ধব্য হছে যে এটাতে শ্ব্যু সরকারী কর্মচারীদের একটা আধিক্য রয়েছে এবং শিল্পা করে ৩ জন শিক্ষক নেবার যে বাবস্থা হয়েছে সেটা মোটেই ন্যায়নীতিসভগত নয়। এক্সিক্টিউভ কমিটির সদস্যদের শ্বারা এক্সিক্টিউভ কমিটির সদস্যদের শ্বারা এক্সিক্টিউভ কমিটির সধ্য থেকে নির্বাচন করা এটা কোন

নীততে হরেছে সেটা আমি ব্রুতে পারলাম না। এক্সিকিউটিভ কমিটির বাইরে সমগ্র দে যথেন্ট সংখ্যক উপযুক্ত এবং গুণবান শিক্ষক যে আছেন তাঁদের আসবার কোন সুযোগ এন হোল না। আর একটা জিনিস হচ্ছে গভর্ণমেন্ট চাইছেন একে এ্যাডভাইসরি বোর্ড করতে জ দেশবাসী চাচ্ছে একে অটোনমাস বোর্ড করতে। আমার বক্তব্য হচ্ছে যে সরকার একে 👊 ভাইসরি বোর্ড করতে চান কর্মন এবং তাতে আমার আপত্তি নেই, কিন্তু এই বোর্ডকে প্রিপ: ক্ষমতা দিন। বোর্ডকে কোন ক্ষমতা না দিয়ে সম্পূর্ণই সরকারের নিয়ন্ত্রণাধীনে চলবে এই নীতি সেটা আমি ব্যুবতে পার্রাছ না। তবে আমি আমার সমস্ত আপত্তি এবং বছবা উদ্ধি নেব যদি সরকার সরকারী কর্মচারীদের আধিক্য দিয়ে এই যে বোর্ড গঠন করেছেন তাকে দিয়ে শিক্ষা সমস্যার সমাধান করতে এবং শিক্ষাক্ষেত্রে যেসব হুনিটিবিচ্যুতি আছে সেইসব দূর 🔠 পূর্ণ ক্ষমতা দেন। এবারে প্রেশ্বেল সম্বন্ধে আমি কিছু বলব এবং সেটা হচ্ছে এখানে আছে ডাইরে স্পারভিসন এ্যান্ড কন্টোল সেকেডারী এডুকেশন ইন দি কান্ডি। যাঁরা বিল প্রণয়ন করেছে তারা প্রোমোশন অব সেকেন্ডারী এডুকেশন এই কথাটি লেখেন নি কেন? এটা অত্যন্ত 📶 যাত্ত হয়েছে বলে আমি মনে করি। প্রেমোশন লেখা হোল না কেন? আজকে ছাত্রর জী হতে পারছে না, বিদ্যালয়ে স্থান হচ্ছে না, প্রত্যেকটি বিদ্যালয়ের সমস্ত শ্রেণী ওভার ক্রাইড়ে হয়ে পডছে। ছেলেরা দলে দলে গিয়ে ফিরে আসছে, অভিভাবকরা সঙ্গে করে নিয়ে গি ফিরে আসছে এবং অনেক ভাল ভাল ছেলে যরা প্রাইমারীতে প্রথম বিভাগে পাশ করেছে আ ভূতি হতে না পেরে তাদের মনে একটা ফ্রাসট্রেসন এসেছে।

[5-10--5-20 p.m.]

সরকারের কাছে বার বার নিবেদন করেও এড়ুকেশান-এর প্রোমোশন-এর কোন ব্যবস্থা হয় ন এসব ছেলেগ্নলো কোথায় ভর্তি হবে? এ বিষয়ে বোর্ডের হাতে কিন্তু নির্দিণ্ট ক্ষমতা দেন নি যদি এটা তাদের লক্ষ্য করবার বিষয় হত, তাহলে নিশ্চয়ই তা দিতেন।

তারপর আর একটা জিনিস সন্বন্ধে একট্ বলছি, শৃধ্ব মেনশন করে দিতে চাই। রিকর্গানশ এর ক্ষমতা আপনার। বোর্ডের হাতে দিচ্ছেন কিন্তু গ্র্যান্ট ইন এইড-এর ক্ষমতা দেন নি। টার না দিয়ে যদি রেকর্গানশন-এর ক্ষমতা দেওয়া হয়, তাহলে কন্ডিশন ফ্রলফিল করা যায় না। এর একটা ক্লজ থাকা উচিত ছিল যে, রেকর্গানশন প্রত্যেক স্কুলকে দেওয়ার সাথে সাথে গ্রান্ট ই এইডও দিতে হবে। যদি গ্র্যান্ট ইন এইড-এর ক্ষমতা সরকারের হাতে রেখে দেন, তাহলে রেশ নেশন-এর ক্ষমতাও সরকারের হাতে রেখে দিন, বোর্ডকে দেবেন না। ডেফিনিসন অফ সেকেন্ডা এডুকেশান, সোটা গোড়ার দিকে প্রিলিমিনারীতে একরক্ম, আর সেকশান ৪৭এ একরক্ম। প্রিদিনারীতে বলছেন, ইন কনসালটেশন উইথ দি বোর্ড, আর ৪৭এ যা আছে তাতে ইন কনসালটে উইথ দি বোর্ড, এটা বলেন নি। এজন্য আমি মনে করি যে, বিলটি ডেফিনিশন ব্যাপারে গ্র্টিপ্র্ণ

তারপর অ্যাপিল কমিটি অ্যাপরেল্টেড করবেন এবং এই অ্যাপিল কমিটির ডিসিসনই ফাইনাদি মানুষের জন্মগত অধিকার হচ্ছে বিচারালয়ে গিয়ে বিচারপার্থী হবার। এই বোর্ডের আইন সেই জন্মগত অধিকার থেকে বন্ধিত করছে, এটা অন্যায় এবং নীতি বহির্ভূত বলে আমি মাকরি। আর যেসমসত জিনিস উনি বলেছেন, তাতে বিলের টাইটেল স বন্ধে আমি আপত্তি জানা এই বিলের টাইটেল যদি ওয়েন্টে বেণ্গল বোর্ড অফ কন্ট্রোল অফ সেকেন্ডারী এডুকেশান হাতাহলে আমি এটা গ্রহণ করতে পারতুম। ওয়েন্ট বেণ্গল বোর্ড অফ কন্ট্রোল অফ সেকেন্ডার এডুকেশান ছাড়া আর কিছ্ম আমি দেখতে পাছিল না। যখন লীগ গভর্নমেন্টের সময় এই সেকেন্ডার বিল এসেছিল, তখন আমাদের মাননীয় শিক্ষামন্ত্রিমহাশরের নেতৃত্বে সমসত চন্দ্রিশপরগনা ভেলা জনমত গঠন করার দায়িত্ব আমারে ঘাড়েছিল, তখন আমি এই কন্ট্রোল শব্দটাকে অবলন্দ্রন ক এ বিলের বির্দ্ধে সমসত জনমত গঠন করতে পেরেছিলাম, শিক্ষাবিদদের মতে এনেছিলাম, কি আজকে আবার এডুকেশন-এর মধ্যে সেই কন্ট্রোল এনে ফেলা হচ্ছে। আমি মনে করি, এডুকেশ এর সঞ্গে স্বাবার বেড়া কান্টাটিউশন অফ দি বোর্ড-এর মধ্যে আগেই বলেছি দ্বজন টিট পিকউলিয়ার ওয়েতে ইলেকটেড হয়েছেন

from two teachers Associations and two Head masters from the Headmaster Association

ন্তার একটা জিনিস উচিত ছিল. সেটা আমাদের শিক্ষামন্ত্রিমহাশয় এবং শিক্ষাবিভাগ বিবেচনা করেন নাই, সেটা হচ্ছে

education must be co-ordinated. Primary, Secondary, Collegiate education as মধ্যে প্রাইমারী অড়ুকেশান সম্বন্ধে অভিজ্ঞ দ্ব'একজন টিটার এই বোডের কর্নাস্টিটিউশন-এর মধ্যে রাখা উচিত ছিল, আমি মনে করি কর্নাস্টিটিউশন-এর দিক থেকে বিলটি ডিফেকটিভ হয়েছে। প্রেসিডেন্ট অফ দি বোর্ড গভর্নমেন্ট নমিনেট করবে, কিন্তু প্রেসিডেন্ট-এর কোয়ালিফিকেশান কি হবে? তা এখানে দেন নি। এত বড় এক্সিকিউটিভ পাওয়ার যার হাতে, তার একটা কোয়ালিফকেশন দেওয়া উচিত ছিল। সেক্রেটারী সম্বন্ধেও বলি সে একই জিনিস। সেক্রেটারী যিনি য়াপেয়েন্টেড হবেন, তাঁর কোয়ালিফিকেশন কি হবে? এ সম্বন্ধে অন্ধকারে আমাদের রেখে তাঁরা সটা র্লসে তৈরী করবেন, কিন্তু সেই র্লসগ্লি কি হাউস-এর সামনে শেলস করা হবে, এবং গ্রিস-এর অ্যাপ্রভাল নেওয়া হবে? তার কোন ব্যবস্থা নাই।

এখন এদের ইনকম্পিটেন্সের জন্য রিম্নভ্যালের কোন সেকশান নেই। যদি প্রেসিডেন্ট নকম্পিটেন্ট হন, সেক্রেটারী ইনকম্পিটেন্ট হন, বোর্ডের কাজ স্যাটিসফ্যাক্টরি করতে না পারেন ্রচলে তাদের রিম,ভালের জন্য কোন সেকশান নেই, কোন কুজ নেই। তারপর, আর একটা ারাত্মক কুজ আছে—আমাদের মাননীয় বন্ধ, মহীতোষবাব, যেটার সম্বন্ধে বলেছেন, যে মোরাল ার্পিচিউড যার জন্য কোর্টে কর্নাভক্টেড হল, তাকে আবার কনডোন করে নিয়ে মেদ্বার করার এই য ব্যবস্থা, এর দ্বারা আমার মনে এই হচ্ছে যে, এইসব হাই পোস্টের জন্য ক্যান্টিভেট অলরেডি সলেকটেড হয়ে আছে। কিন্তু, এটা আমি স্মরণ করিয়ে দিতে চাই যে, যাঁরা পশ্চিমবঙ্গের মাধ্যমিক শিক্ষা পরিচালিত করবেন, তাঁদের মধ্যে যদি এইরকমভাবে মোরাল টাপিচিউড কনভিক্টেড কেউ থাকে. তাহলে সমগ্র বোর্ডের দুর্নাম হবে এবং যতদ্রে আমাদের ক্ষুদ্র জ্ঞান আছে তাতে বলতে পারি প্রথিবীর কোন দেশে কোথাও এইরকম আইন নেই যে এইরকম মোরাল টাপিচিউডের জন্য কোর্টে কর্নভিকটেড ব্যক্তি এতবড় একটা সেকেন্ডারী এডুকেশান বোর্ডে স্থান পাবে। সেক্টোরি এবং প্রেসিডেন্টকে বোর্ডের কাছে রেসপনসিবল করবার কোন আইন নেই। তাঁরা বোর্ডকে স্পারভাইজ, ডাইরেক্ট অ্যান্ড কন্ট্রোল করবেন, কিন্ত বোর্ডের কাছে তাদের এতট্টক রেসপনসিবিলিটি দেন নি। এটা কি করে হয়? সত্তরাং বোর্ড নিজে যে নিয়ম করবে, সেই নিয়ম তাঁরা অনায়াসে পদদিলত করে চলে যেতে পারবেন। কেন তাঁদের বোর্ডের কাছে রেস-পর্নাসবল করা হল না? আমার মনে হয়, এগুলি কোন একটা ইন্টেনশান নিয়ে করা হয়েছে। আইনগত যেসমস্ত জিনিস আছে, সেগালি সম্বন্ধে আমরা কোন কিছা বলতে চাই না। আমরা পশ্চিমবংগের অধিবাসী, আমরা চাই যে, আমাদের ছেলে-মেয়েরা সর্নিশক্ষিত হোক, আমাদের ছেলে-মেরেরা যেন পড়াশ,নার জন্য কখনও কোন অস,বিধা ভোগ না করে। এখন স্কুল গোইং এজের বেসমুহত ছেলেমেয়েরা আছে, তারা ক'জন স্কুলে যেতে পারে? আমরা দেখতে পাচ্ছি যে, তাদের ^{মধ্যে} ২৫ ট্র ৩০ পার্সেন্ট রুরাল এরিয়াজ স্কুলে যাচ্ছে। এর রেমিডি কোথায়? কম্পালসরি অ্যান্ড ^{ভি} প্রাইমারী এডুকেশান বিল পাশ হয়ে গেছে। সেই কম্পালসরি এডুকেশন দেবার মত স্কুলের সংখ্যা কোথায়? যে কটা স্কুল আছে, সেগত্নলি ওভারক্রাউডেড, স্থান সংকুলান হচ্ছে না। সেকেন্ডারী ^{এড়ুকেশান} বোর্ড এমনভাবে করতে হবে, যাতে স্কুল গোইং নাম্বারটা প্রপার্রাল অ্যাকোমোডেট হয়। তা যদি না হয়, তাহলে এডুকেশান বোর্ড করে কি লাভ হবে! যেখানেই যাই—পল্লীগ্রাম বা ^{স্}বার্ব অফ দি টাউন অ্যান্ড টাউন, সর্বত্রই ছেলে ভর্তির একটা সমস্যা। এই সমস্যা দ্র করবার ^{ছন্য} বোডের কর্নাস্টটিউসানের ধারার মধ্যে একটাও পাইনি। সভাপতি মহাশয়, লালবাতি 🖦 লিয়ে দিলেন। আমি কয়েক বছর লালবাতি জনলাবার পর কিছন বলি না। আমার অবশ্য পুলবার ছিল, কিন্তু আমি বলব না।

[5-20-5-30 p.m.] Dr. Janaki Ballava Bhattacharyya:

মাননীর অধ্যক্ষ মহাশর, আজকে যে বিলটা আমাদের সামনে উপস্থিত হয়েছে তা নিয়ে বহু আলোচনা হয়েছে, কিন্তু একটা জিনিস সম্বন্ধে বিশেষ আলোচনা হয় নি। এই বিলটা দেখে আমার মনে হয়েছে যে, এতে যেন দুজনের ঝগড়ার একটা প্রতিবিদ্ব পড়েছে, অর্থাৎ একদিকে

মাননীয় শিক্ষামন্দ্রী মহাশয়, আর একদিকে আমাদের বন্ধব্বর সত্যপ্রিয় রায় মহাশয়। নিজেদের মধ্যে পরম্পর ঝগড়াটা যেন এই বিলে প্রতিফলিত হয়েছে। এই জিনিসটা কি কে ব্যাকগ্রাউল্ডে এই বিলটা এসেছে, সেটা যদি দেখেন, এই বিলটার ধারাগর্বল যদি লক্ষ্য ক্র তাহলে ব্রুবতে পারবেন আমার কথা সত্য কি অসত্য। যদিও সত্য আমাদের প্রিয়, আপনা সত্য অপ্রিয়, কিন্তু আপনারা জানেন যে, কংগ্রেস পার্টি শিক্ষক নির্বাচনে বারবার পরাভূত হয়েছে স্তরাং এই নির্বাচনের বালাই রাখতে চাই না, কারণ, আমরা জানি আমাদের কংগ্রেস ওদিকের মাননীয় সদস্য ডাঃ শ্রীকুমার ব্যানাজী মহাশয় সে কথাটা গতবার বিশেষ জোর করে ব ছিলেন যে, এটা লক্ষ্য করবেন যে এ বি টি এ জিতছে, আপনারা বারবার হেরে যাচ্ছেন্। সূত শিক্ষাব্যবস্থায় অন্তত শিক্ষকদের সঙ্গে ব্যবহারে কোথায় একটা গলতি আছে. এবং সেই গলতি সংশোধন করবার চেণ্টা কর্ন। আপনারা প্রানো রেকর্ড যদি খ'রজে দেখেন, তাহলে টের পার আমি যে কথাটা বলছি, সেটা সত্য কিনা, এবং এখন এটা করা হল যে, যাক্ আর পরাজয়ের গ্লা থাকবে না—নির্বাচন যেটা, সেটা নির্বাচনের প্রহসন হবে. সেই করে এই বিলটাকে আনা হয়ে এই হচ্ছে এই বিলের স্বরূপ। তাহলে নির্বাচন এটাকু আর রাখা হয়েছে কেন, সরাসরি গভর্নি নিয়ে নিন তাদের হাতে। আমার মাননীয় বন্ধ, শ্রীপ্রমথ বিশী মহাশয় এখানে রয়েছেন, ত গ্রের্দেব রবীন্দ্রনাথ যে কথা ক্যালকাটা সিন্ডিকেট সন্বন্ধে বলেছিলেন, এই সেকেন্ডারী বো সেই ব্রিটিশ আমলের সিন্ডিকেট ছাড়া আর কিছু নয়। একটা শিখণ্ডী খাড়া করে রাখ হবে, দেশের লোককে স্কেপ গোট করতে হবে, তা না হলে সরকার যদি সমস্তাকিছ, সরাস পরিকল্পনা করেন, তাহলে তারা জনগণের কাছে অপ্রিয় হয়ে পড়বেন। সেই হিসাবে আমি বল এই যে বোর্ড রাখা হয়েছে, এই বোর্ড তেমন বোর্ড হয়ে খাড়া হয়েছে। আমি দুক্ট প্রকৃতির লো কারণ আমি অপোজিশানে আছি, কিন্তু আমি বলি, আমাদের দেশের যে ঐতিহ্য, সেখানে আপনা নিশ্চরই বলবেন না যে, স্বামী বিবেকানন্দ, রামকৃষ্ণ প্রমহংসদেব তাঁরা ছিলেন কমিউনিস্ট। আম জানি আজকে সেই শতবার্ষিকী উৎসবে পশ্চিমবঙ্গ সরকার ৭ লক্ষ টাকা দিয়েছেন। এ দেখেশ্য মনে হচ্ছে, মাড়োয়ারীরা যেমন সোধপুরে গরুকে খাওয়াতে যান—গরু মেরে চামড়ার ব্যবসা করে তাঁরা ঘি-এ চবি মেশান. আর সমস্ত পাপের স্থালন হয় কোথায় না, ঐ সোধপুরে গিয়ে জিলাগ খাইরে আসেন। আমি রামকৃষ্ণের কথা বলি, পরমহংসদেব বলেছেন, ঐ যে গরীবেরা গর্র ম জীবনযাপন করিতেছে, তাহার কারণ, মুর্খতা। আমরা আজ চারি যুগ তাহাদের রন্<u>ভ</u> চুফি খাইয়াছি, আর দুইপদে দলন করিয়াছি। শিক্ষা প্রসংগে ১৪৪ পাতা। এ আমার রচিত ন উদ্বোধন কার্যালয় থেকে এটা প্রকাশিত হয়েছে। বলেছেন, আজকে সমাজের অবস্থা কি হয়েছে শ্বামিজী বলেছেন, সর্বাঞ্গে রক্ত সঞ্চার না হইলে কোন দেশ কোনকালে উঠিয়াছে দেখিয়াছ একটা অপ্য পড়িয়া গেলে অন্য অংগ সবল থাকিলেও ঐ দেহ লইয়া কোন বড় কাজ করা হইবে? ইহা নিশ্চিত জানিও। আজকে আমাদের দেশে এডুকেশন কতথানি স্প্রেড করা হয়েছে, তা র্ডা জানেন। স্বাধীনতা লাভ আমরা করেছি, কিন্তু জাতি যেমন পঞ্ম, তেমন পঞ্চাই হয়ে রয়েছে

এবং সেইসমস্ত জাতিকে যদি আমরা শিক্ষিত করে না তুলতে পারি, তাহলে আমরা জাতি গত তুলতে পারব না, এবং এই স্বাধীনতা নিয়েও গর্ব করতে পারব না, এবং তা করতে না পারজে আমাদের দায়িত্ব পালন করা হয় না। স্বামীজী বলেছেন, 'মুন্ডিমেয় ধনীদের বিলাসের জাক্ষ লক্ষ নরনারী অজ্ঞতার অন্ধকারে ও অভাবের নরকে ডুবিয়া থাকুক। তাহাদের ধন ইইলে তাহারা বিদ্যা শিখিলে সমাজ উচ্ছ্ডখল হইবে। সমাজ কে? লক্ষ লক্ষ তাহারা, না তুমি, আচি ১০ জন বড় জাত'। স্বতরাং আজকে আমাদের যে কর্তব্য, সেটা আমাদের সামনেই রয়েছে এব আমাদের মাধ্যমিক শিক্ষার যে অবস্থা হয়েছে তাতে সেটা কতখানি সংগত হয়েছে তা ফলেন পরি চিয়তে। তারপর সায়েন্স বিভাগে যে ছাত্ররা পাশ করছে সেই সায়েন্স বিভাগে ছাত্রদের নেবা ব্যাপারটা কি। তার জন্য ও'রা বলছেন সব জায়গায় শিক্ষণ শিক্ষাপ্রাণত শিক্ষক-শিক্ষিকা চাই তাঁরা কি করছেন? তাঁরা তাঁদের গ্রুব্দেবের কাছ থেকে ফরম্বলা পেয়েছেন যে, সিক্সটি পারসেন্দেলে সায়েন্স পড়বে, ফোটি পারসেন্ট পেলে পর তারা কমার্স পড়বে এবং বা্কিদের ঝাঁট দিট ফেলে দিয়ে বলা হোল যে, তারা হিউম্যানিটিস পড়বে। এর ফলে যেসব ছাত্র-ছাত্রীরা হিউম্যানিটিস পড়ছে, তারা কোন্ স্তরে নেমে যাচ্ছে। তারপর আবার বোর্ড থেকে হ্রুম্বদারী পাঠান হছে যে তামাদের এত ফেল করে কেন, এবং তোমাদের যদি এত আনসাকসেসফ্বল স্ট্ডেন্ট হয়, তাহানি

তামাদের স্কুলের অ্যাফিলিয়েসন বন্ধ করে দেওয়া হবে। কিন্তু তার জন্য তো তারাই রেসপন-সবেল। আজকে হিউম্যানিটিস পড়বার জন্য যদি ভাল ছেলে না যায়, তাহলে আমাদের জাতির ্র ক্ষতি হবে সেটা মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় উপলব্ধি করেছেন কি? ও'রা পরের মুখে ঝাল ্যান এবং পরের কথা শোনেন, কাজেই এই খবর তাঁদের কাছে পে⁴ছেছে কিনা? তারপর সায়েন্সে এত পারসেন্ট পাশ করেছে বলে যে তাঁরা বলছেন সেই সায়েন্সে পাশ করার ব্যাপারে একটা মজার _{ব্যাপার} আছে। যে স্কুলেতে পরীক্ষা হচ্ছে, সেই স্কুলের যাঁরা টিচার, তাঁরাই প্র্যাকটিকালের পর্বাক্ষক হিসেবে থাকেন এবং সেখানে ৫০ নন্বর থাকে। সেই ৫০ নন্বরের মধ্যে প্রায় প্রত্যেক ছেলে কত নম্বর পেয়ে থাকে সেই স্ট্যাটিসটিক্স আপনি নিয়েছেন কি? উনি তো কথায় কথায় স্ট্যাটিসটিক্স দ্রেখান। আমার কাছে খবর আছে এবং আপনিও জানেন যে, ইংরেজীকে কিভাবে দলিত করা হাছে। একজন পরীক্ষক নাইন্টি ফাইভ পারসেন্ট পাশ করিয়ে নিয়ে গিয়ে হাজির হলেন। তখন তাঁকে বলা হল, এত স্ট্রীকটলী দেখছেন? আরও ভাল করে রিভাইস করে নিয়ে আসনে। এই-বক্তম করে শেষপর্যন্ত থার্ড ডিভিসনে হল সেন্ট পারসেন্ট। (জনৈক সদসাঃ এটা কে করছে?) এটা সরকার করছেন না, এটা করছেন সরকারের ঐ স্কেপ গোট। এইভাবে শিক্ষায় ভেজাল দেওয়া আরম্ভ হয়েছে, অথচ শিক্ষামন্ত্রী মহাশয় বলছেন, সব জায়গায় আমাদের হায়ার সেকেন্ডারী হয়ে ষ্থেণ্ট উন্নতি হয়েছে। আমি বলি আমাদের চেয়ারম্যান ইংরেজী পরীক্ষা করুন, সায়েন্স সতোনবাবুকে দেওয়া হোক, এবং বাঙলা ডঃ শ্রীকুমারবাবুকে দেওয়া হোক, এবং প্রশ্নপত্র সম্বন্ধে কারুর কোনকিছু জানবার উপায় থাকবে না, এরকম জায়গা থেকে ছাপান হোক। তারপর পর**ীক্ষা** করে দেখনে যে তার ফলটা কি হয়। তারপর এই বিলটি দেশে আমার মনে হয়েছে যে, কোন অবিশ্বাসী জমিদার বাড়ি থেকে যেন এই বিলটি এসেছে। অর্থাৎ বোর্ডকে সব দিয়ে দিলাম. সিন্দুক দিয়ে দিলাম, কেবলমাত্র চাবিকাঠিটি নিজের কোমরে বে°ধে রাখলাম। এই বিলটি ঠিক

[5-30--5-40 p.m.]

৩১-এর কুজটা দেখ্ন, আছে কি? তোমরা বাজেটে বেশী কিছু খরচ কর, সরকার অ্যাপ্রভ না করে, তোমাকে ফেরত পাঠিয়ে দেওয়া হবে। যদি রেকমেন্ড করে আবার পাঠিয়ে দাও, যদি না করে সরকার যা করে দেবে তাই তোমাকে নিতে হবে। অর্থাৎ চাবিকাঠি রইল সরকারের হাতে। এভাবে যার কোন সম্ভ্রম আছে, নিজের বিবেকবর্কির আছে, সেরকম স্বাধীনচেতা লোক এই বোর্ডে যেতে পারে—মেম্বার হতে পারে বলে আমার সন্দেহ আছে। সেথ নে স্বাধীনভাবে, নিজের বিবেক-ব্,িশ্ব অন্সারে, প্রয়োজনমত কোন ব্যবস্থা করতে পারব না এবং ব্যবস্থা করলেও সরকার ইচ্ছামত সেটা দূরে করে দেবে় সেটা সাধিত হতে পারবে না, আমি সেখানে শুধু যন্তের মত দাঁড়িয়ে পাকবো, এই হচ্ছে এই বিল। ৩৯ এবং ৪৭নং কুজ যদি দেখেন, তাহলে দেখবেন সেখানে গভর্ন-मिन कल्प्रोल-এর কথা রয়েছে, অর্থাৎ রেগ্বলেশান যা কিছু, সব বলা হচ্ছে অথচ বোর্ডকে বলা হচ্ছে, অটোনোমাস, অটোনোমাস বলার দরকার কি? গভর্নমেন্ট অ্যাপয়েন্টমেন্ট-এর সমস্ত ভার নিন, তাতে আমাদের বলবার কিছু, নেই, কিন্তু সেই সংসাহসটা দেখান, আমাদের দেশের প্রবলেমটা কি! আজকে প্রত্যেক ছেলেকে সমান সুযোগ দিতে হবে। সেকেন্ডারী কিছু পড়ছে আর কতকগুলি ছেলে যাচ্ছে স্কুল ফাইনাল-এর দিকে এবং তারা গিয়ে কলেজে পড়বে প্রি-ইউনিভার্সিটি কোর্স, আর একদল যাচ্ছে ক্লাশ ১১-এর দিকে। এই যে দ্ব-রকম—একদিকে বেশী সংখাক ছেলে যাচ্ছে তারা স্বযোগ-স্ক্রবিধা থেকে বণ্ডিত হচ্ছে, এই বণ্ডনাটা আমি আন-কর্নাস্টিটিউশনাল বলে মনে করি। শ্বতরাং সরকার আসল সমস্যা সমাধানের দিকে না গিয়ে কিভাবে তাঁরা আধিপত্য দেখাবে সেদিকেই ষাচ্ছেন।

তারপর দেখন অ্যাপিল কমিটি যেটা করছেন, সেই কমিটিতে একটি করে ইলেকশান-এর কথা আছে, কিন্তু সেই ইলেকশান ভাল করে যদি তলিয়ে দেখেন, সেই ইলেকশনও যা. নমিনেশনও তা, অর্থাৎ যেখান থেকে সমসত মেজরিটি মেন্বার হচ্ছে, নমিনেটেড মেন্বার, সেখানে ইলেকশন হয়ে গেলেও মেজরিটি মেন্বার যা করবে, তার ডিরেকশান অন্সারেই চলতে হবে। এই হচ্ছে বিলেনির্দেশ। স্বৃতরাং ইলেকশন আর নমিনেশন একই পর্যায়ে গিয়ে দাঁড়াচ্ছে। স্বৃতরাং সেই ইলেকশন-এর কোন দাম নাই, স্বৃতরাং আই ওয়াস দেখবার জন্য কোন ইলেকশন না করলে চলে না? স্বৃতরাং ক্লজ ১৮ থেকে ২৩ পর্যাসত যা আছে, যে কমিটিগ্রালি আছে, সেটা ইলেকশন-এর নামে

প্রহসন। কারণ মেই ইলেকশন যে হতে পারে না, সেটা বিলটা পড়ে দেখলেই ব্রুবতে পারবেন। অতএব আমাদের দেশে প্রকৃতিবাদে আছে, সতঃ, রজঃ, তমঃ। কিন্তু তমঃ গ্রেণর কাজ করতে शाल अत मर्था अकटे, में में शाका मतकात। ना थाकरन हर्ल ना। विरामत मर्था अकटी धाता हिन সেটা হচ্ছে রুজ ১১ই(১) এবং (২)। এই যে (২)-এর পরে যে প্রভাইসোটা আনা হয়েছে—৫ বছর আগে যে টেক্সট বুক করেছে বা তার পার্বালসড হয়েছে, শুধু টেক্সট বুক নয়, টেক্সট বুকের উপর যাঁরা নোট বক্রুক লিখবেন তাঁরা কেউ ঐ কমিটির মেন্বার হতে পারবেন না, এটা যদি করতেন এবং এই প্রোভাইসোটা বাদ দিতেন, তাহলে ব্রুবতাম যে হ্যাঁ, সতাই ভাল করতে যাচ্ছেন। সূত্রাং ৫ বছর আগে কেউ যদি বলেন যে, আমি করে রেখেছি, আমার বইটা চালাতে হবে, তাহলে এইরকম ৫ বছর আমরা ধরব কি করে? সে ধরবার কোন উপায় নেই। কারণ, পার্বালসাররা এত সাধ্ পার্বালসার যে, তাদের উপর আমরা বিশ্বাস রাখতে পার্রাছ না। যাঁরা টেক্সট বকে লিখছেন, তাঁদের প্রত্যেককে বাদ দিতে হবে এই কমিটি থেকে। আর একজামিনেশান কমিটি যেটা করেছেন সেটা খবে খারাপ হয় নি। সে সম্বন্ধে আরো ওয়াকিবহাল লোক সেখানে থাকা উচিত ছিল। সেখানে যথন প্র্যাক্টিক্যাল ডিফিকালটি হবে, তথন সেইসব সমস্যা সমাধান করবার মত কোন কম্পিটেট লোক নেই। যারা আছে, তারা উপর থেকে শুধু অ্যাডভাইস দিতে পারে। আর প্রমথনাথ বিশ মহাশয় কমার্সের যে কথাটা বললেন, সেটা আমি সমর্থন করছি। কারণ, কমার্সের স্ট্রিমটা এখনও ভালভাবে কাজ করে না, এবং এই কমার্সের সিট্রমটা ভাল করে ওয়ার্ক করিয়ে এর প্র্যাকটিকাল সাইডটা ডেভেলপ করা উচিত, অর্থাৎ সমবায় সমিতির মধ্য দিয়ে ছেলেদের প্র্যাকটিক্যাল লেসনস কমার্স ক্লাসে দেওয়া উচিত, এবং এই সমবায়ের জন্য যে পয়সাটা গভর্মমেন্ট খরচ করবেন, সেই পয়সাটা খরচ না করে ছাত্রদের শিক্ষার মাধামে সমবায়টা চাল; করতে পারতেন। স্মৃতরাং এ সম্বন্ধে সরকার যদি আমার সংখ্যে আলাপ করতে চান, আমি আলাপ করতে প্রস্তৃত আছি, এবং সকলের চেয়ে এই বিল সম্বন্ধে যেটা আপত্তি হচ্ছে সেটা হচ্ছে এই যে, শিক্ষার মধ্যে অপ্গাণ্সিভাবে জড়িত প্রাথমিক না হলে মাধ্যমিক হয় না, মাধ্যমিক না হলে কলেজ হয় না, কলেজ না হলে বিশ্ব-বিদ্যালয় হয় না। কিন্তু এখানে এ পর্যন্ত প্রাথমিক বোর্ড হল না। এ যেন শ্রুন্যে আমি দোতলা গাঁথছি। এটা কি করে হয়? সূতরাং আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে বলব যে, তিনি এই বিলটা উইথড্র করে নিন, কিছুকালের জন্য কোল্ড স্টোরেজে রেখে দিন। অনেক কোল্ড স্টোরেজ হয়েছে. এইরকম কোল্ড স্টোরেজে এই বিলটা রেখে দিন। আগে প্রাইমারী এড়কেশান, প্রাইমারী বোর্ডের ব্যাপারটা আগে নিয়ে আসনুন। তারপর আবার নতুন করে ভেবেচিন্তে বিল আননুন। তারপর আর একটা কথা হচ্ছে এই যে বিল এনেছেন এই বিলের মধ্যে কলেজিয়েট স্কুলের সঙ্গে তার গ্রেতের সম্বন্ধ রয়েছে। হেল্থ ডিরেক্টর আছে, কিন্ত মেডিক্যাল কলেজের প্রিন্সিপ্যাল নেই কেন? যাঁদের লেখাপড়ার সংখ্য সম্বন্ধ, সেইরকম লোক থাকবে না কেন? ডিরেক্টর অফ হেল্থ. তিনি থেকেও যা, না থেকেও তা। অর্থাৎ স্কুলে, কলেজে পড়তে গেলে কি কি জিনিস জানা উচিত, কতখানি জানা উচিত, তার জ্ঞানটা কে দেবে এবং সে সম্বন্ধে কথা কইতে পারে এমন লোক নেই। কলেজের কোন প্রতিনিধি নেই এইটাই হচ্ছে আশ্চর্যের কথা। সত্তরাং এইসমস্ত দিক থেকে বিচার করে দেখলে দেখা যাবে যে. ও'দের প্রথমে যেটা উচিত ছিল সেটা হচ্ছে শিক্ষকদের সঙ্গে আলোচনা করা। কারণ, জ্বতোর যখন ফোস্কা পড়ে, তখন যারা পরে তারা ঠিক জানে, অন্য লোকে জানে না। সত্তরাং আজকে শিক্ষকদের কি অভাব-অভিযোগ এবং শিক্ষার কোথায় কি গলদ হচ্ছে, সে সম্বন্ধে তাঁদের সঙ্গে বসে বিশদভাবে আলোচনা করুন এবং তারপর ঐ বিল কর্ন এবং ঐ গলদগ্যলি যদি দরে করে দিতে পারেন, তাহলে নির্বাচন হোক, না হোক, তাতে কিছু, যায় আসে না। আমরা শুধু চাই শিক্ষার যে গলদ, সেগত্বলি দূর হয়ে যাক। আজকে যে বিলটা এসেছে তাতে শিক্ষকদের যে সমস্যা রয়েছে সেটার সম্বন্ধে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় কোন গন্ধ পান কিনা জানি না, কিম্তু সেইসব সমস্যা সমাধান করবার মত কোন কিছু এর মধ্যে আমরা খ**্**জে পাই না। স্তরাং আমি তাঁকে প্নরায় অনুরোধ করব যে, তিনি প্নরায় বিবেচনা করে দেখুন এবং এখানে সেই প্রাচীন ইতিহাসের একটা নম্না মনে পড়ে গেল, সেটা হচ্ছে—শিবাজী মোগলদের সংগ বরাবর লড়াই করতেন এবং করতে করতে তিনি মুসলমানদের মত ড্রেস এবং তাদের মত দাড়ি তিনি করে ফেললেন। আজকে ইংরেজদের সঙ্গে উনি বারবার লড়াই করেছেন, করে তাদের ^{কাছ} থেকে উনি প্রতিক্রিয়াশীল মনোব্তি পেয়েছেন এবং সেই মনোব্তি নিয়ে এই বিলটা করেছেন। এই কথা বলে আমি আমার বন্তব্য শেষ করছি।

[5.40-5-49 p.m.]

Shri Suresh Chandra Paul:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সময় খুব অলপ এবং খুব বেশী বলবার জন্য এখানে দাঁডাব না। আমি কোন তর্ক-বিতর্কের ভেতর যেতে চাই না। মুদালিয়র কমিশন থেকে কতটা কাটা হল কতটা নেয়া হল, দে কমিটি থেকে কি বাদ দেয়া হল, কি বাদ দেয়া হল না, সেকথা কিছ, वनता ना। अञ्चलक्य वर् आत्नाहना रस ११८६। म्ला हार प्रवार हार प्रवार वर्ष वर्ष वर्ष वर्ष ना। আমি এটুকু আপনার মারফত শিক্ষামন্তীকে জানাতে চাই, ষেটা আমার মনে জেগেছে, সে কথাটা বলতে চাচ্ছি। কথাটা হচ্ছে, আমাদের দেশে যে ক্রমণ ক্রমণ শিক্ষার মান কমে যাচ্ছে, এদিকে আমাদের সকলের দ, ঘিট পড়েছে, কিন্তু আমাদের ছাত্রদের ভেতর যে নৈতিক চরিত্রের মান ক্রমশ ক্রমণ কমে যাচ্ছে. এদিকেও আমাদের দু, ছিট রাখা উচিত এবং সেই নৈতিক চরিত্র যাতে আরো উন্নততর পথে যায়, সেদিকে আমাদের বিশেষভাবে দ_্গিট দেয়া উচিত। আমাদের স্কুলের ছাত্র-ছাত্রীরা আজ বিদ্রান্ত হয়ে গেছে। তারা কোন ধর্ম শিক্ষার দিকেও যায় না, নৈতিক শিক্ষার দিকেও যায় না। স্বতরাং নৈতিক শিক্ষা এবং ধর্মভাব যতদিন আমাদের ছেলে এবং মেয়েদের ভেতর প্রতিষ্ঠিত আমরা না করতে পারি, ততদিন আমরা যতই তাদের উচ্চশিক্ষা দিই না কেন. তারা কখনও দেশের কাজে এগতেে পারবে না। দেশাত্মবোধ, দেশপ্রেম, সত্যের প্রতি একটা টান এইসমস্ত যদি আমরা তাদের ভেতর, ছাত্রছাত্রীদের ভেতর না আনতে পারি, তবে আমাদের শিক্ষা সম্সত বার্থ হয়ে যাবে। এম এ. বি এ, পাশ করতে পারে, উচ্চশিক্ষা ঢের পেতে পারে, কিন্তু তাদের চরিত্রের মান কতটা উপরে উঠেছে সেটার দিকে যদি আমরা দূচ্টি না রাখি, তবে দেখবো আমরা এম এ, বি এ, পাশ করিয়েও অনেক জায়গায় অপদার্থ ছাত্রছাত্রী সূষ্টি করেছি। সেজন্য আমি আপনার মারফত শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে এইটাকু নিবেদন করবো, যখন কারিকলাম হবে, তখন আমাদের ছোট ছোট ছেলেমেয়েদের জন্য এমন পত্নতক যেন নির্বাচন করা হয়, যেসব পত্নতকের ভেতর দিয়ে শিক্ষকরা তাঁদের নৈতিক মান উন্নত করতে পারেন, তাদের সত্যের প্রতি একটা ষে সমতা, দেশের প্রতি যে একটা মমতা, এটা যাতে সূষ্ট হয় সেদিকে সমস্ত শিক্ষকমণ্ডলী এবং শিক্ষা-পর্ষদ যদি দুটি রাখেন, তবে আমি বলবো আমাদের দেশ শিক্ষাবিস্তারে সাফলালাভ করবে, তা र्याम ना रस, जारत्न यज्रे आमता राज्यों कित भर्माथशंज विमा मिरस यज्ये उभारत उठवात राज्यों कित, সেইসমস্ত ব্যর্থ হয়ে যাবে। কারণ, শিক্ষার প্রকৃত উন্দেশ্য সত্যিকারের মান্ত্র তৈরি করা, তাদের ভেতর কতটা মনুষ্যত্ব এসেছে এটা বিচার করে আমাদের শিক্ষাকে পরিচালনা করা উচিত। শিক্ষা দেবার দায়িত্ব সমসত সরকারের উপর। স্বতরাং সরকার থেকে আজ যে বিল উত্থাপন করা হয়েছে, সেই বিলটা আমি সম্পূর্ণরূপে সমর্থন করছি। বোর্ডের ফরমেশন নিয়ে যাঁরা আলোচনা করেছেন তা করবার বিশেষ দরকার হবে না। এই বিল আক্ট অনুসারে পাশ হয়ে কেমনভাবে কার্য করে র্মোদকে আমাদের লক্ষ্য রাখতে হবে, এবং যদি ভবিষ্যতে দরকার হয়, তবে কিছু, কিছু, এর পরিবর্তন করাও চলবে।

স্ত্তাং এখন এইসমস্ত নিয়ে আলাপ-আলোচনা করে মিছিমিছি সময়ক্ষেপ করা উচিত হচ্ছে বলে আমি মনে করি না। দ্বিতীয় কথা যেটা আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে তুলে ধরতে চাই সেটা হচ্ছে যে, কলেজের কথা না হয় বাদ দিলাম, কিন্তু আজকাল স্কুলগ্রুলো পলিটিক্যাল আর্ক্সিটিস-এর একটা সেন্টার হয়ে দাঁড়িয়েছে। শিক্ষকরা ওতপ্রোতভাবে এইসমস্ত পলিটিক্যাল এজিটেসন এবং পলিটিক্যাল ভাবধারা ছেলেদের মধ্যে ঢ্রিকয়ে দেন এবং দেখা যায় বছরের মধ্যে প্রায়ই কারণে, অকারণে নানারকম প্রসেসন বেরোয় এবং ডিমোনেস্টেশন হয় এবং সেই ডিমোনেস্টেশনে শিক্ষক এবং ছাত্ররা যোগদান করে। যেসব ছাত্র এবং শিক্ষক এইসব অ্যান্টি ন্যাসনাল ম্ভমেন্টে ছাত্রদের পরিচালিত করবেন এবং ঐ প্রসেসন এবং ডিমোনেস্ট্রেশনে যাঁরা বেরোবেন, তাদের উপযক্ত শাস্তিত দেবার জন্য শিক্ষামন্ত্রী মহাশয় যেন সেকেন্ডারী বোর্ডকৈ নজর রাখতে বলেন। তারপর আমার তৃতীয় কথা হচ্ছে এবং আপনারাও সকলে জানেন যে, আজকাল স্কুলের ছেলে-পিলেদের এমন ব্যবহার হয়েছে যে, তাদের ব্যবহারে বাড়িতে বাবা, মায়ের সম্মান হানি হচ্ছে এবং স্কুলের শিক্ষকদের সম্মান নেই বললেই চলে। এই যদি পরিস্প্রতি হয়, তাহলে আমাদের দেশে শিক্ষার কোন মূল্য থাকে না। সেইজন্য আমি মন্ত্রীমহাশয়কে বলি যে, ছেলেদের বাতে মেবিবাধ থাকে এবং তাদের নৈতিক চরিত্রের উন্নতিকলেপ যাতে তাদের পরিচালিত করা যায়, সেই-

রক্ম ব্যবস্থা শিক্ষার ভেতরে রাখা উচিত। আর একটা কথা বলে আমি আমার বস্তব্য শেষ করব। আমাদের পাঠ্যপুস্তকের ভেতর স্বামীজীর বই, নেতাজীর জীবনী সম্বন্ধে বই কম্পালসরি হিসেবে রাখা উচিত এবং স্কুলের হেড মাস্টারকে এমন একটা ক্ষমতা দেওয়া উচিত যে, "এই ছেলেটির মরাল কম্ভান্ত ভাল" এরকম একটা সাটিফিকেট শিক্ষকের কাছ থেকে না পেলে পর যেন কলেজে ভার্ত হ্বার ব্যাপারে একটা অন্তরায় দেখা যায় এবং ছেলেরা যাতে এগুলো চর্চা করে নিজেদের তৈরি করতে পারে, সেদিকে দ্বিট রাখা উচিত। তারপর যে বিল এসেছে, এই বিলের মাধ্যমেই হোক বা অন্যভাবে হোক, এটা করা উচিত যেন ম্যানেজিং কমিটির ব্যাপারে স্কুলে দেখা যায় যে, ইলেকশন হলেই মামলা মোকদ্দমা লেগে না যায়। এই ম্যানেজিং কমিটিগুলোকে বানচাল করে দেওয়া না হয়, এবং দীর্ঘকাল প্রানো ম্যানেজিং কমিটি না থেকে যায়। এসব যাতে না হয় এবং তাদের সিভিল কোটে যাবার পদ্থা বন্ধ করে দেওয়া হয়, দরকার হলে স্পেশাল ট্রাইব্নাল করতে হবে এবং সেই ট্রাইব্নালে এইসমন্ত ম্যানেজিং কমিটির বিচার হবে। তারপর সেই স্পেশাল ট্রাইব্নালে গ্রহার্নালে বেং বিচার হবে এবং সেই বিচারে যে সিম্বান্ত হবে সেটা ফাইন্যাল হয়ে যাতে কোনরক্ম আপিল না হয়, সেই বিষয়ে মন্ত্রীমহাশয়কে দ্বিট দিতে অন্বরোধ করছি। এই কয়েকটি সামান্য কথা বলে আমি আমার বন্তব্য শেষ করছি।

Adjournment

The Council was then adjourned at 5-49 p.m. till 12 noon on Friday, the 25th January, 1963, at the Legislative Council Buildings, Calcutta.

Members absent

Abdul Halim, Shri, Abdullah Rasul, Shri, Acharyya, Shri Snehangshu Kanta, Bagchi, Shri Nirmalya, Banerjee, Shri Sudhir Kumar, Bhattacharyya, Shri Sreepada, Bose, Shri Aurobindo, Chakrabarty, Shri Hari Kumar, Chakravarti, Shri Tripurari, Ghose, Shri Kali Charan, Hazra, Shri Gajendra Nath, Mohammad Sayeed Mia, Shri, Mookerjee, Shri Kamala Charan, Mukherjee, Shri Kamada Kinkar, Pal, Dr. Ras Behari, Roy, Shri Chittaranjan, Roy, Shri Surendra Kumar, Sanyal, Shri Sasanka Sekhar, Sen Gupta, Shri Dwijendralal, and Sen Gupta, Sha Manoranjan.

COUNCIL DEBATES

Friday, the 26th January, 1963

THE COUNCIL met in the Legislative Council Chamber of the Legislative Buildings Calcutta, on Friday, the 25th January, 1963, at 12 noon being the 11th day of the Twenty-Ninth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. Suniti Kumar Chatteryi) was in the Chair.

[12-12-10 p.m.]

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Chairman: There are two Calling Attention Notices from Shri Jatin Chakravorty. Will you kindly read them?

Shri Jatin Chakravorty:

সাার, প্রথম কলিং অ্যাটেনশনটা হল, মিনিস্টার-ইন-চার্জ অফ এডুকেশন-এর জন্য।

The gross failure of the Government in bringing out all the volums of Rabindra Rachanavali within the schedule period. Five more volumes still remain unpublished and a large number of subscribers have already died. The failure is more pointed in comparison with the publication of the works of Swami Vivekananda which have been done strictly as per schedule. A large number of subscribers of Rabindra Rachanavali have become doubtful whether they will get the remaining volumes within their life time, or in the near future.

The second one is for Commerce and Industries Minister. The two rooms at 21 Chittaranjan Avenue, Calcutta, where the head office of the Sales Emporium of the West Bengal Government is situated, have been taken over by the Government of India on 15th January, 1963. As a result, 32 employees, including 12 girls, have become idle, though the branches of the Sales Emporium are functioning normally. In view of the set policy of the Government as expressed by the Hon'ble Minister during reply to my question on the 6th August, 1962, that the Sales Emporium is not a commercial concern but it has been established as a publicity media and cannot be regarded as a revenue-earning concern, and in view of the opinion of the Legislative Assembly as expressed by the resolution unanimously adopted on the 18th instant, the Government should take steps to assure the employees about their absorption in the branches with continuity of service.

When may I expect replies to these Motions?

The Hon'ble Jagannath Kolay: On the 29th.

Statement about Economy in Expenditure

The Hon'ble Sankardas Banerjee: Sir, with your permission I am making a statement about economy in expenditure. Some Members were interested to know that.

In the context of the present national emergency it is necessary to observe economy in expenditure with a view to provide financial resources for national defence and development plans. The necessity has become all the more acute and immediate in view of the budgetary position of the State. The Government of India have already adopted economy measures in the Central sphere and have emphasised the need for adoption of similar

measures in the State sphere with a view to secure maximum economy in expenditure and the use of various commodities for which consumption is likely to increase on account of defence effort of the country. It has accordingly been decided that:

- (1) No new schemes or new liability for expenditure outside the Plan should be undertaken.
- (2) When the work on a scheme outside the Plan has not commenced it should not be taken up now without further concurrence of the Finance Department even though the scheme has been administratively approved or even though there is a financial provision.
- (3) When work on schemes outside the plan has actually begun, execution should be spread over a longer period immediate work being restricted to such occasion as will effectively prevent waste of money already invested or will barely respect irrevocable commitments.
- (4) When limitation of budget provision is a primary check on expenditure the provision should be reduced to the level of the firm commitments.

The immediate measures specified above should render a percentage of staff surplus which the departments will be able to surrender. This should enable all offices other than offices directly concerned with large scale civil defence measures to surrender about 5 per cent. of their staff as a measure of economy.

There will, however, be no retrenchment. The surplus staff will be utilised: (a) for work in the civil defence branches of the Government; (b) for absorption against the existing and future vacancies; and (c) for adjustment against any new post the creation of which may be inescapable in future

Shri Jatin Chakravorty: May I know who gave the calling attention notice in reply to which the Hon'ble Minister has made the statement?

Mr. Chairman: According to rule 228 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Council, 'a statement may be made by a Minister on a matter of public importance with the consent of the Chairman......'

The West Bengal Board of Secondary Education Bill, 1963

Mr. Chairman: We now resume the discussion on the West Bengal Board of Secondary Education Bill. There are four speakers. I think two more speakers have been added—one from this side and the other from that side. I would request the members to be brief as far as possible when the clauses are beng discussed. Otherwise, we shall not be able to finish it within the scheduled time. Also to-day those who will be speaking may kindly keep their attention to this and speak as briefly as possible.

I would now request Dr. Srikumar Banerjee to inaugurate today's discussion.

The Hon'ble Jagannath Kolay:

স্যার, আমার একটা কথা বলার আছে সেটা হচ্ছে ফার্স্ট রিডিং-এর কন্সিডারেসন স্টেজে আমাদের বা টাইম ছিল তা অলরেডি এক্সিডেড এবং ন্যাচারালি কালকে যে দ্ব'জনের বলবার কথা ছিল তাঁদের একট্ব বেশী টাইম দিয়ে বাকি যে দ্ব'টো এক্সট্রা নাম দেওয়া হয়েছে তাঁরা যত সর্টে পারবেন সেটা যেন করে নেন সেটাই আমার রিকোয়েস্ট।

Shrı Satya Priya Roy:

স্যার, ও'দের এক্সম্টা টাইম দির্মেছিলেন। ও'দের যে এক্সম্ট্রা টাইম দিচ্ছেন তাতে আমাদের দিক থেকে আমরা ডবল টাইম পেতে পারি। ডিউরিং দি ডিসকাসন অফ দি ক্লজেস আমি আশা করি বন্ধুরা সেদিকটা একট্ব বিবেচনা করবেন। কারণ, আপনারা প্রতি এক মিনিট যে বেশী নিচ্ছেন তার পরিবর্তে আমরা ২ মিনিট বেশী পাব। কাজেই ক্লজের যখন ডিসকাসন হবে তখন ষেন সেটা বিবেচনা করে সময় ঠিক করে নেন।

Dr. Srikumar Banerjee: Mr. Chairman, Sir. My first words must be those of congratulation to the Hon'ble the Education Minister for having succeeded at long last in bringing forward the long deferred and eagerly expected Secondary Education Bill. If ever a Bill might be designated star-crossed it is this particular Bill. Eevery time the Assembly and the Council met the Bill was proposed to be put forward. It was included in the programme of business but some unseen hand pulled the Bill from behind and hid it behind the curtain.

[12-10-12-20 p.m.]

So, it is a matter of sincere congratulation that the Bill has at last been brought to the legislature and the Government has ultimately made up its mind that the Bill should not be deferred any longer but should be passed. I do not understand the opposition of my friends on the other side to the introduction of this Bill because, if I remember a right, my friend Shri Satya Priya Roy was very eager in having this Bill brought forward as early as practicable. I hope, whatever might be the objections to the substance of the Bill, my friends still persist in their view that this is an urgent measure that should no longer be deferred. If there are any changes to be made, the changes have to be brought about by amendments on the floor of the the House, and dilatory motions such as reference to the Committee of the whole Council or reference to the public for eliciting public opinion should not be indulged in, in the case of a Bill about which all parties have agreed the urgency of and about the immediate need of this Bill to be brought forward.

Sir, I am not going to blow into the dead embers of the long forgotten controversy about the supersession of the old Secondary Education Board. I shall only observe that even a thoroughly bad institution if it is to be killed has to be killed according to law and according to the procedure recognised in the Act iteself. In this particular case whatever might have been the imperfections and lapses of the Board which was superseded the provisions of the aw have not been complied with. The present Education Minister very chivalrously took upon himself the responsibility for the supersession, though I am quite sure that if he had been Minister-in-charge he would have favourably entertained the plea for the provisions of the law being applied if the Secondary Education Board had to be superseded.

Nine long years have elapsed between the date of supersession and the date of introduction of the Bill in the legislature, and this long delay has been both a source of advantage and a source of disadvantage. It has been a source of advantage in the sense that it gave the Government time to take the opinion of expert committees and commissions and also to acquiant themselves with the ever changing currents of public opinion with respect to the Secondary Education Bill. Sir, a few days ago the Government of India issued a Press Note defining their further objectives with reference to secondary education and stressed certain new features about secondary education, viz., development of physical training and the development of the sense of discipline. So, our ideas with respect to secondary education have been changing because of the change of the context, and it is as well

that the Bill could have been deferred so long because we are now in possession of up-to-date opinion about how the Bill should be drafted and what should be the aims and objects of the Bill. It has been aslo source of disadvantage in this that the Adminitrators who were put in charge of secondary education affairs thought themselves to be a stop-gap men; they had no initiative to introduce any radical measure, they did not look beyond the tip of this nose and carried on day to day administration, and thus we have lost valuable time in re-orienting our scheme of secondary education. However it is no use crying over spilt milk. We are now very thankful that the Government is determined to push the Bill through and they have realised the urgency of the measure which cannot brook any further delay.

